# Freelance Marketplaces

## Fiverr – Upwork

## Written by

# Md Jakir Hossain

**Trainer, Freelancer, Affiliate Marketer**



Me, Md. Jakir Hossain is one of the Best SEO Specialists in Bangladesh. I have been working as an SEO Expert in the top online marketplaces like Upwork, and Fiverr with reputation since 2015. I have also worked as A Lead Digital Marketing Trainer in the ICT Division of Bangladesh.


+8801918877772

mail@mdjakirhossain.com

https://mdjakirhossain.com

# যেভাবে সক্ষমতাভিত্তিক এই শিখন উপকরণ ব্যবহার করতে হবে

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই **কার্যক্রম**গুলো আপনাকে সম্পন্ন করতে হবে। **সার্স ইঞ্জিন অপটিমাইজেশন ফ্রিল্যান্সিং** অকুপেশনের অন্যতম ইউনিট হচ্ছে 'পারফর্ম রেজিষ্ট্রেষণ ইন ফ্রিল্যান্সিং প্লাটফর্ম এ্যান্ড আপডেট প্রোফাইল'। এই মডিউলের মাধ্যমে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিধান সম্পর্কে জানতে পারবে, ব্যক্তিগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিধান কর্মক্ষেত্রে প্রয়োগ করতে পারবে, ঝুঁকি ও বিপত্তি চিহ্নিত ও মূল্যায়ন করতে পারবে। দক্ষ কর্মীর জন্য যে জ্ঞান ও ইতিবাচক আচরণ প্রয়োজন তা এই কোর্সে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কর্মকান্ড সম্পন্ন করতে হবে। এইসব কর্মকান্ড একটি নির্দিষ্ট শ্রেণিকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলনও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য 'শিখন কার্যক্রম' অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রমপত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করবে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কাজ এবং সুনির্দিষ্টভাবে কাজ করার সম্যক ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট'-এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেকশীট' সমাপ্ত করুন। একজন কর্মী কীভাবে কাজের ক্ষেত্রে উন্নতি লাভ করেছে সেটি জানতে 'সেলফ চেক' আপনাকে সহযোগিতা করবে। 'সেলফ চেক' কতটা সঠিক হয়েছে তা জানার জন্য 'উত্তরপত্র' দেখুন।

কার্যক্রম পত্রে নির্দেশিত উপায়ে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করা হবে যে, পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কি-না তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মানের একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য। এটি কোনো দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নয়।

# মডিউলের বিষয়বস্তু

**মডিউলের নাম :** ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশনকরণ এবং প্রোফাইল হালনাগাদ করা (Perform Registration in Freelancing Platform and Update Profile)

**মডিউলের বর্ণনা :**

এই ইউনিটে ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন এবং প্রোফাইল হালনাগাদ করার প্রয়োজনীয় তথ্যাদি ও পদ্ধতি অন্তর্ভূক্ত আছে যার মাধ্যমে জনপ্রিয় ফ্রিল্যান্সিং প্লাটফর্ম বা মার্কেটপ্লেসসমূহে একজন শিক্ষার্থী তার প্রোফাইল রেজিষ্ট্রেষণ করতে পারবে, প্রোফাইলের যাবতীয় তথ্য হালনাগাদ করতে করতে পারবে, প্রোফাইল ভেরিফাই করতে পারবে। এই দক্ষতাসমূহ বোঝা ও জানার মাধ্যমে একজন শিক্ষার্থী ফ্রিল্যান্সিং প্লাটফরমে নিজেকে সংযুক্ত করতে সক্ষম হবে।

নুন্যতম সময়: ১৫ ঘন্টা।

## শিখনফল (Learning Outcome) ঃ

এই মডিউলটি সম্পন্ন করার পর শিক্ষার্থীরা নিন্মক্তো কাজগুলো করতে পারবে :

১. জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলো সর্ম্পকে জানতে পারবে।

২. জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলো প্রোফাইল ভেরিফাই করতে পারবে।

৩. ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করতে পারবে।

৪. প্রোফাইলের তথ্য হালনাগাদ করতে পারবে।

## যাচাই/মুল্যায়ন মানদণ্ড (Assessment Criteria) ঃ

১. ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশনের জন্য সঠিক পরিকল্পনা করা।

২. ফ্রিল্যান্সিং প্লাটফরমে যথাযথভাবে রেজিস্ট্রেশন সম্পাদন করা।

৩. প্রয়োজন অনুসারে প্রোফাইল হালনাগাদ করা।

# শিখনফল (Learning Outcome): ১# মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা।

**বিষয়বস্তু (Contents) ঃ**

**১. রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা।**

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

**১. মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা**

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

শিখনফল (Learning Outcome): মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা করা।

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা করা | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.৯ পড়তে হবে।<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.৯ সম্পাদন করতে হবে।<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা সম্পর্কে ধারণা লাভ করার জন্য দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.৯ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective) ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।।**

দিন দিন অনলাইন মার্কেটপ্লেসগুলোতে প্রতিযোগিতা বেড়েই চলেছে। তাই মার্কেটপ্লেসগুলোতে রেজিস্ট্রেশন করার পুর্বে অবশ্যই মার্কেটপ্লেসসমূহ সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকা আবশ্যক। প্রত্যেক মার্কেটপ্লেসের নিজস্ব কিছু নিয়ম-কানুন ও শর্তাবলি থাকে। মার্কেটপ্লেসে কাজ করতে হলে সেগুলো জানা খুবই জরুরী। অন্যথায় মার্কেটপ্লেস প্রোফাইল বাতিলও হতে পারে।

অধিকাংশ মার্কেটপ্লেসগুলোর রেজিস্ট্রেশন প্রক্রিয়া প্রায় একই রকম। মার্কেটপ্লেসগুলোর ওয়েব সাইটগুলো ব্রাউজিং করলে হোমপেজেই Sign Up / Start Selling / Become a Freelancer / Join এই ধরনের বাটন দেখা যায়। এখানে একটি বিষয় খেয়াল রাখতে হবে যে, রেজিস্ট্রেশন ফ্রিল্যান্সার হিসেবে করতে হবে। এখানে অনেকে ক্লায়েন্ট হিসেবে অনেক সময় ফ্রিল্যান্সাররা ভুল করে জয়েন করে ফেলে।

যে কোন মার্কেটপ্লেসে জয়েন করার পূর্বে অবশ্যই তাদের টার্মস এন্ড কন্ডিশন / টার্ম অফ সার্ভিসেস ভালভাবে পড়ে নেওয়া উচিৎ। মার্কেটপ্লেসগুলোর চার্জ, ফিস, নিয়ম-কানুন ভালভাবে জানা জরুরি। না হলে কোন ভুল করলে আইডি বাতিল হয়ে যেতে পারে বা রেপুটেশন নষ্ট হতে পারে। যার ফলে কাজ পাওয়ার সম্ভাবনা কমে যেতে পারে।

## রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা (Plan for Registration):

ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন করার পূর্বে অবশ্যই সঠিক পরিকল্পনা করে নিতে হয়। রেজিস্ট্রেশন / সাইন আপ করার জন্য কিছু তথ্য এবং ডকুমেন্টস্ দরকার হয়। সেগুলো অবশ্যই আগে থেকে প্রস্তুত রাখতে হবে। অধিকাংশ মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন / সাইন-আপ করার জন্য জাতীয় পরিচয়পত্র অনুযায়ী নাম, ই-মেইল, ফোন নাম্বারের প্রয়োজন হয়। এগুলো সাইন-আপের পূর্বেই প্রস্তুত রাখতে হয়।


সাইন-আপের পর অধিকাংশ মার্কেটপ্লেসে ভেরিফিকেশন করতে হয়। এ জন্য জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স এর স্ক্যান কপি প্রয়োজন হয়। এগুলো সাইন আপের পূর্বে প্রস্তুত রাখা জরুরি। কিছু মার্কেটপ্লেসে একটা নির্দিষ্ট সময় পর ভিডিও কলের মাধ্যমে ভেরিফিকেশন করে থাকে।

# সেলফ চেক-১.১.১

## মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা।

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন- মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য কি লেখা বাটনে ক্লিক করতে হবে ?
উত্তর:

২. প্রশ্ন- মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য কি কি তথ্য প্রয়োজন হয়?
উত্তর:

৩. প্রশ্ন- মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য কি কি ডকুমেন্টস প্রয়োজন হয়?
উত্তর:

# উত্তরপত্র-১.১

## মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা।



১. **উত্তর -** মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য Sign Up / Start Selling / Become a Freelancer / Join এই ধরনের বাটনে ক্লিক করতে হবে।

২. **উত্তর -** মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য জাতীয় পরিচয়পত্র অনুযায়ী নাম, ই-মেইল, ফোন নাম্বারের প্রয়োজন হয়।

৩. **উত্তর -** মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স প্রয়োজন হয়

# কর্মপত্র (Job Sheet) ১.১

## Job Name (কাজের নাম): মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১) কম্পিউটার

২) ওয়েব ব্রাউজার

৩) ইন্টারনেট কানেকশন

**এক্টিভিটি :**

১) মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা সম্পর্কে ধারণা লাভ করা।

২) মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় তথ্য এবংডকুমেন্টস সম্পর্কে জ্ঞান লাভ করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১



**প্রয়োজনীয় উপকরণঃ**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার

২. ইন্টারনেট সংযোগ

৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার

৪. স্ক্যানার ও প্রিন্টার

৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ

৬. খাতা, কলম/পেন্সিল

৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**পিপিইঃ**


১. এপ্রোন
২. বিদ্যুৎ নিরোধক জুতা

১. মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য পরিকল্পনা গ্রহন করেন।
২. মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন।

## অনুশীলনপত্র (Practice Sheet) ১.১


### ব্রাউজিং সফটওয়্যারের মাধ্যমে ফ্রিল্যান্সিং প্লাটফরম চালু ও লগ-ইন/সাইন-ইন করা অনুশীলন ঃ

ব্রাউজিং সফটওয়্যারের মাধ্যমে ফ্রিল্যান্সিং প্লাটফরম চালু ও লগ-ইন/সাইন-ইন করার জন্য প্রথমে ফ্রিল্যান্সিং প্লাটফর্মে যেতে হবে। তারপর সেখান থেকে লগইন / সাইন ইন করার বাটন পাওয়া যাবে। সাইন ইন বাটনে ক্লিক করতে হবে।




**চিত্র : ফাইভার সাইন ইন বাটন**

সাইন-ইন বাটনে ক্লিক করলে লগইন / সাইন ইন পেজে নিয়ে যাবে।




**চিত্র : ফাইভার সাইন-ইন পেজ**

সাইন-ইন পেজে প্রথমে ই-মেইল আইডি অথবা উইজার নেম দিতে হবে। এরপর পাসওয়ার্ড দিতে হবে। তারপর কন্টিনিউ বাটনে ক্লিক করলে লগ-ইন / সাইন-ইন হয়ে যাবে।

# শিখনফল (Learning Outcome): ২# ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করা। (Perform Registration in Freelancing Platform):

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. **জনপ্রিয় ফ্রিল্যান্সিং প্লাটফর্মসমূহ।**

২. **ফ্রিল্যান্সিং প্লাটফর্মের "ট্রার্মস এন্ড কন্ডিশনস"।**

৩. **রেজিস্ট্রেশন প্রক্রিয়া।**

৪. **ভেরিফিকেশন প্রক্রিয়া।**

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. **জনপ্রিয় ফ্রিল্যান্সিং প্লাটফর্মসমূহ সম্পর্কে জানতে পারবে।**

২. **ফ্রিল্যান্সিং প্লাটফর্মের "ট্রার্মস এন্ড কন্ডিশনস" সম্পর্কে জানতে পারবে।**

৩. **রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পর্কে জানতে পারবে।**

৪. **ভেরিফিকেশন প্রক্রিয়া সম্পর্কে জানতে পারবে।**

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করা।

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন সম্পাদন করা | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২ পড়তে হবে।<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২ সম্পাদন করতে হবে।<br>● মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন ধারণা লাভ করার জন্য দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective) ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।**

## জনপ্রিয় ফ্রিল্যান্সিং প্লাটফর্মস সমূহ (Popular Freelancing Platforms):

বর্তমানে বিশ্বে ৯০ টিরও অধিক জনপ্রিয় ফ্রিল্যান্সিং প্লাটফর্ম রয়েছে ( তথ্যসূত্র: https://jobmob.co.il/blog/freelance-marketplaces/) এবং দিন দিন তা বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশেও belancer.com নামে জনপ্রিয় একটি ফ্রিল্যান্সিং প্লাটফর্ম / মার্কেটপ্লেস রয়েছে।


তন্মধ্যে জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলোর কয়েকটি হলো-

- Upwork.com
- Freelancer.com
- Fiverr. Com
- Seoclerk.com

নিম্নে এ মার্কেটপ্লেসগুলো সম্পর্কে আলোচনা করা হলো:

## Upwork.com

Elance এবং oDesk একত্রিত হয়ে ২০১৫ সালে Upwork.com নামে ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস প্রতিষ্ঠিত হয়। Elance ১৯৯৮ সালে যাত্রা শুরু করে এবং oDesk.com ২০০৩ সালে।




চিত্র: আপওয়ার্ক.কম

Upwork.com মুলত বিডিং টাইপের মার্কেটপ্লেস। এখানে ক্লায়েন্ট তার প্রয়োজনীয় কাজের বর্ণনা দিয়ে জব পোস্ট করে। ফ্রিল্যান্সাররা সেই জবগুলোতে বিড / অ্যাপ্লাই করে। অ্যাপ্লিকেশনগুলোর মধ্য থেকে যাদের স্কিল /প্রোফাইল ভাল ক্লায়েন্ট তাদেরকে ইন্টারভিউর জন্য আমন্ত্রন (Invitation) পাঠায়। তারপর অনলাইনে ইন্টারভিউ নিয়ে আবেদনকারী (Bidder) নির্বাচন করে এবং তাদেরকে হায়ার (Hire) করে। এখানে বিড করার জন্য কানেক্ট ক্রয় করতে হয়। এছাড়া পেইড মেম্বারশীপেরও সুয়োগ রয়েছে যেখানে প্রতি মাসে বিড করার জন্য কানেক্টস দেয়া হয়। এই মার্কেটপ্লেস সাধারনত ফ্রিল্যান্সারের পেমেন্ট থেকে ২০% চার্জ কেটে থাকে।


এখানে দু’ ধরনের কাজের চুক্তি হয়ে থাকে-

১. Hourly Job: ঘন্টা ভিত্তিক জবের ক্ষেত্রে প্রতি ঘন্টা কাজের জন্য পেমেন্ট নির্ধারণ করা হয়। এ ক্ষেত্রে প্রতি মিনিট কাজের জন্য আপওয়ার্ক সয়ংক্রিয়ভাবে ক্লায়েন্টের নিকট থেকে ফ্রিল্যান্সারের পেমেন্ট কেটে ফ্রিল্যান্সারের একাউন্টে জমা করে। কাজের প্রমাণ রাখার জন্য আপওয়ার্কের ট্রাকিং সফটওয়ার রয়েছে, যা টাইম ট্রাক করে এবং স্কিন শর্ট রাখে।

২. Fixed Job: ফিক্সড জবের ক্ষেত্রে ঘন্টা / সময় বিবেচনা করা হয় না। ক্লায়েন্টের সঙ্গে ফ্রিল্যান্সারের মোট কাজের মজুরির পরিমান চুক্তি হয় এবং কাজ শেষে ক্লায়েন্ট তা ফ্রিল্যান্সারকে পরিশোধ করে।

## Freelancer.com


Freelancer.com ২০০৯ সালে প্রতিষ্ঠিত হয়। এটিও Upwork এর মত বিডিং টাইপের মার্কেটপ্লেস। এখানেও Upwork এর মত ক্লায়েন্ট তার প্রয়োজনীয় কাজের বর্ণনা দিয়ে জব পোস্ট করে থাকে এবং ক্লায়েন্ট বিডার (Bidder) কে হায়ার করে।




চিত্র: ফ্রিল্যান্সার.কম

এখানেও দু' ধরনের কাজের চুক্তি হয়ে থাকে। Houly Job এবং Fixed Job. এখানে বিড করার জন্য কিছু কানেক্ট ফ্রি দেয় এবং কয়েক ধরনের পেইড মেম্বারশীপের প্যাকেজও রয়েছে।


## Fiverr.Com




চিত্র: ফাইভার.কম

Fiverr.com ২০১০ সালে তাদের যাত্রা শুরু করে। এটি মূলত ৫ ডলার ফোকাসড্ একটি মার্কেটপ্লেস। কিন্তু হাজার ডলারের উপরেও সার্ভিস সেল দেয়া যায়। Fiverr.com মূলত Upwork.com বা Freelancer.com থেকে আলাদা। এটি গিগ (সার্ভিস) ওরিয়েন্টেড মার্কেটপ্লেস।


এখানে সেলার (ফ্রিল্যান্স্যার) তাদের সার্ভিস তৈরি করে রাখে এবং ক্লায়েন্ট সেগুলো দেখার পর যদি পছন্দ হয় সরাসরি  অর্ডার দেয় অথবা যদি আরও তথ্য প্রয়োজন হয় সেলারের সাথে যোগাযোগ করে। তারপর প্রাইসিং বা সার্ভিস নিয়ে আলোচনা করার পর যদি পছন্দ হয় তাহলে অর্ডার করে। নিচে কিছু গিগের উদাহরণ দেয়া হলো:


Service Options
Seller Details
Budget
Delivery Time
Pro services
Local sellers
Online sellers
2,279 Services available
Sort by Best Selling
SHOPIFY SEO
pro_wrecker
Level 2 Seller
I will do shopify SEO for 1st page ranking on google
4.9 (1k+)
STARTING AT $5
quo_vadiz
Top Rated Seller
I will create 10k profile backlinks with xrumer
5.0 (1k+)
STARTING AT $10
Pro1
SEO Package
lisa_rank
Level 2 Seller
I will do pro1 SEO package and explode your ranking
4.9 (1k+)
STARTING AT $75
The Frisky
raihanahmed0007
Level 2 Seller
I will do guest post on hiboox, the frisky, vingle da 83
5.0 (108)
STARTING AT $10
SEO Plan
Technical SEO Audit
Competitor Analysis
Keyword Research
Monthly SEO Plan
localinteractiv
I will provide SEO plan to outrank your competitors
4.9 (291)
Pro VERIFIED
STARTING AT $150
Google 1st Page Ranking Techniques
Order Now
Rank On #1 Google
KEYWORD RESEARCH
bornrealist730
Level 2 Seller
I will do micro niche research with SEO keyword research that ranks
5.0 (225)
STARTING AT $15
Increase Sales
pro_seohouse
Level 2 Seller
I will do shopify SEO to increase shopify sales
4.9 (284)
STARTING AT $5
Let me do your Keyword Research!
richtheseoguy
Level 2 Seller
I will do excellent SEO keyword research to rank your site fast
5.0 (200)
FIVERR'S CHOICE
STARTING AT $35

চিত্র: গিগ

## Seoclerk.com

২০১২ সালের দিকে Seoclerk.com তাদের কার্যক্রম শুরু করে। এটি মুলত SEO ফোকাসড্ মার্কেটপ্লেস যা অন্য মার্কেটপ্লেসগুলো থেকে আলাদা এবং জনপ্রিয়তার দিক থেকে অন্যান্য মার্কেটপ্লেস থেকে অনেকটাই পিছিয়ে। নতুনদের জন্য এই মার্কেটপ্লেস খুবই উপযোগী।





চিত্র: এসইওক্লার্ক.কম

এই মার্কেটপ্লেসও ফাইভারের মতই গিগ নির্ভর। এখানে অতিরিক্ত কিছু সুবিধা আছে। যেমন- গিগগুলো সার্ভিস চার্জ দিয়ে ফিচারড করে রাখা যায়। ফলে কাজ পাওয়ার সম্ভাবনা অনেকটাই বেড়ে যায়। এছাড়াও ফ্রিতে বুস্ট করে গিগগুলো প্রথমে নেয়া যায়।

কোথাও চাকরির আবেদন করতে হলে যেমন প্রতিষ্ঠানের নিকট বায়ো-ডাটা জমা দিতে হয় ঠিক তেমনি ফ্রিল্যান্সিং করতে হলেও একটি “ভার্চুয়াল” বায়ো-ডাটার প্রয়োজন হয়। এখানে সুবিধা হচ্ছে বারবার বায়ো-ডাটা জমা দিতে হবে না। শুধু নির্ধারিত মার্কেটপ্লেসে প্রোফাইল তৈরি করতে হয়। বাকি কাজ ক্লায়েন্ট / বায়ার করে থাকে। তারাই নিজ উদ্যোগে  প্রোফাইল দেখে নিবে। তবে নিজেকে একজন সফল ফ্রিল্যান্সার হিসেবে প্রতিষ্ঠিত করার পূর্বশর্ত হচ্ছে মার্কেটপ্লেসে একটি সাজানো-গোছানো প্রোফাইল প্রস্তুত করা। অগোছালো বা অসপূর্ণ প্রোফাইল দিয়ে হয়তো কিছু কাজ পাওয়া যাবে কিন্তু চূড়ান্ত সফলতা পাওয়া সম্ভব নয়।

## মার্কেটপ্লেসে যুক্ত হওয়া:


Sign Up / Start Selling / Become a Freelancer / Join বাটনে ক্লিক করলে জয়েনিং ফর্ম আসবে।




চিত্র :

Fiverr Sign Up Button


ই-মেইল আইডি দিয়ে Continue তে  ক্লিক করতে হবে।




চিত্র :

Fiverr Sign Up

এরপর ইউজার নেম দিতে হবে, যা ইউনিক হবে (অন্যদের থেকে আলাদা)। এরপর পাসওয়ার্ড দিতে হবে। পাসওয়ার্ড দেয়ার ক্ষেত্রে খেয়াল করতে হবে যেন কমপক্ষে ৮ ক্যারেক্টার হয়, বড় হাতের এবং ছোট হাতের অক্ষর থাকে, এবং সংখ্যা থাকে (০-৯)। এরপর Join এ ক্লিক করতে হবে। তাহলে সাইন-আপ প্রক্রিয়া শেষ হবে।




চিত্র : Fiverr Sign Up


এই সব তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করার পর ই-মেইলে ভেরিফিকেশন লিংক যাবে যা ক্লিক করে ভেরিফিকেশন করুন।

# সেলফ চেক-১.২

## ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করা ।

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. **জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলো কী কী?**
উত্তরঃ

২. **ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করা বলতে কী বোঝায়?**
উত্তরঃ

৩. **ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করতে সাধারণত কী কী তথ্যের প্রয়োজন হয়?**
উত্তরঃ

৪. **ফ্রিল্যান্সিং প্লাটফরমে টার্মস্ অ্যান্ড কন্ডিশন বলতে কী বোঝায়?**
উত্তরঃ

# উত্তরপত্র-১.২

## ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করা ।



**১. জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলো কী কী?**
উত্তর: জনপ্রিয় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসগুলো হলো আপওয়ার্ক, ফ্রিল্যান্সার, ফাইভার, এস ই ও ক্লার্ক।

**২. ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করা বলতে কী বোঝায়?**
উত্তর: ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করা বলতে বোঝায় ফ্রিল্যান্সিং প্লাটফরমে কাজ করার জন্য নিজের নামে একটি একাউন্ট খোলা।

**৩. ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করতে সাধারণত কী কী তথ্যের প্রয়োজন হয়?**
উত্তর: অধিকাংশ মার্কেটপ্লেসে রেজিস্ট্রেশন / সাইন-আপ করার জন্য ই-মেইল, ফোন নাম্বারের প্রয়োজন হয়। এছাড়াও জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স এর স্ক্যান কপি প্রয়োজন হয়।

**৪. ফ্রিল্যান্সিং প্লাটফরমে টার্মস্ অ্যান্ড কন্ডিশন বলতে কী বোঝায়?**
উত্তর: প্রত্যেক মার্কেটপ্লেসের কিছু নিয়ম-কানুন রয়েছে। তাছাড়া ক্লায়েন্টের সাথে কাজ করার জন্য ফিল্যান্সারদের জন্য শর্তাবলি থাকে। এগুলোকে ফ্রিল্যান্সিং প্লাটফরমের টার্মস্ অ্যান্ড কন্ডিশন বলে।

# কর্মপত্র (Job Sheet) ১.২

## Job Name (কাজের নাম): ফ্রিল্যান্সিং প্লাটফর্মে রেজিস্ট্রেশন সম্পাদন করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১) কম্পিউটার

২) ওয়েব ব্রাউজার

৩) ইন্টারনেট কানেকশন



### ফ্রিল্যান্সিং প্লাটফরমে রজিস্ট্রেশন সম্পাদনের উদ্দেশ্যঃ

ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশনের পদ্ধতি ও ধারাবাহিকতা জানতে পারবে।

### প্লাটফরমে রেজিস্ট্রেশনকরণের সতর্কতাঃ

- বাধ্যতামূলক তথ্যসমূহ অবশ্যই নির্ভুলভাবে প্রদান করতে হবে।
- ভুল তথ্য দেয়া যাবে না।
- যথাযথভাবে একটির পর একটি ধাপ অনুসরণ করতে হবে।
- প্রদত্ত তথ্যসমূহ সংরক্ষনে রাখতে হবে। প্রয়োজনে এক সেট প্রিন্ট (হার্ড) কপি রাখতে হবে।

### কাজের ধারাবাহিকতাঃ

১. অনুশীলনপত্র (Practice sheet) নিন

২. অনুশীলনপত্র অনুসারে ধারাবাহিকভাবে ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।

৩. কার্যসম্পাদন প্রশিক্ষককে অবহিত করুন।

৪. কাজ উপস্থাপন করুন।

# উপকরণপত্র (Specification Sheet) ১.২



## প্রয়োজনীয় উপকরণঃ

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার

২. ইন্টারনেট সংযোগ

৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার

৪. স্ক্যানার ও প্রিন্টার

৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ

৬. খাতা, কলম/পেন্সিল


৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

## পিপিইঃ

১. এপ্রোন
২. বিদ্যুৎ নিরোধক জুতা


## মার্কেটপ্লেসে যুক্ত হওয়া:

Sign Up / Start Selling / Become a Freelancer / Join বাটনে ক্লিক করলে জয়েনিং ফর্ম আসবে।




চিত্র : Fiverr Sign Up Button


ই-মেইল আইডি দিয়ে Continue তে ক্লিক করতে হবে।




চিত্র :

Fiverr Sign Up

এরপর ইউজার নেম দিতে হবে, যা ইউনিক হবে (অন্যদের থেকে আলাদা)। এরপর পাসওয়ার্ড দিতে হবে। পাসওয়ার্ড দেয়ার ক্ষেত্রে খেয়াল করতে হবে যেন কমপক্ষে ৮ ক্যারেক্টার হয়, বড় হাতের এবং ছোট হাতের অক্ষর থাকে, এবং সংখ্যা থাকে (০-৯)। এরপর Join এ ক্লিক করতে হবে। তাহলে সাইন-আপ প্রক্রিয়া শেষ হবে।





চিত্র : Fiverr Sign Up

এই সব তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করার পর ই-মেইলে ভেরিফিকেশন লিংক যাবে যা ক্লিক করে ভেরিফিকেশন করুন।

## অনুশীলনপত্র (Practice Sheet) ১.২


**ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশন সম্পাদন অনুশীলন ঃ**

Sign Up / Start Selling / Become a Freelancer / Join বাটনে ক্লিক করতে হবে।





চিত্র : Fiverr Sign Up Button

ই-মেইল আইডি দিয়ে Continue তে ক্লিক করতে হবে।




চিত্র : Fiverr Sign Up

এরপর ইউজার নেম দিতে হবে এবং পাসওয়ার্ড দিতে হবে।




চিত্র : Fiverr Sign Up

এই সব তথ্য দিয়ে ফর্মটির Join এ ক্লিক করতে হবে। ক্লিক করার পর ই-মেইলে ভেরিফিকেশন লিংক যাবে যা ক্লিক করে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।

## শিখনফল (Learning Outcome): ৩# মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. **প্রোফাইলের ছবি** (Profile Picture)

২. **প্রোফাইলের বর্ননা** (Profile Description)

৩. **প্রতিঘন্টা রেট** (Hourly Rate):

৪. **স্কিল টেস্ট** (Skill Test):

৫. এমপ্লয়মেন্ট হিস্টোরি, শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য অভিজ্ঞতা (Employment history, Educational Qualification and Other Experiences)

৬. কর্ম দক্ষতা (Skills:)

৭. **কর্মঅভিজ্ঞতা** (Protfolios)

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. **প্রোফাইলের ছবি কেমন হবেসে সম্পর্কে জানতে পারবে।**

২. **প্রোফাইলের বর্ননা সম্পর্কে জানতে পারবে।**

৩. **স্কিল টেস্ট সম্পর্কে জানতে পারবে।**

৪. **কর্ম দক্ষতা ও কর্মঅভিজ্ঞতা সম্পর্কে জানতে পারবে।**

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা।

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.৩ পড়তে হবে।<br>● মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.৩ সম্পাদন করতে হবে।<br>● মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.৩ অনুশীলন করতে হবে। |

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective) ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।**


## প্রোফাইল আপডেট (Update Profile)

### প্রোফাইলের ছবি (Profile Picture):

ফ্রিল্যান্সার প্রোফাইলে প্রবেশ করলেই সর্বপ্রথম যা চোখে পড়ে তা হচ্ছে ছবি। প্রোফাইল পিকচার হিসেবে কোনো ছবি বাছাই করার ক্ষেত্রে সতর্ক হতে হয়। মনগড়া যেনতেন ছবি ব্যবহার থেকে বিরত থাকা অত্যাবশ্যকীয় । এমন কোন ছবি ব্যবহার করা যাবে না যেখানে ব্যক্তিত্বে আঘাত হানে। আপাদমস্তক কোন ছবি দেয়া যাবে না। কারন প্রোফাইল পিকচারের জায়গাটি অনেক ছোট হয়ে থাকে। এরকম ছবিতে চেহারা সম্পূর্ণ বোঝা যাবে না। আবার কোথাও ঘুরতে সেখানে চরম আনন্দময় মুহূর্তে ছবি তোলা হয়েছে সেটি ব্যবহার থেকেও বিরত থাকা উচিত। আবার সব ঠিকঠাক আছে কিন্তু ব্যকগ্রাউন্ডে দেখা গেল দামী কোন মডেলের গাড়িতে হেলান দিয়ে তুলা হয়েছিল ছবিটি। কোন ক্লায়েট এতো পয়সাওয়ালা একজন কন্ট্রাক্টরকে হায়ার করবে না। মুলত সে ভয় পাবে তার সাথে নেগোশিয়েশন করতে। তার মানে নিশ্চই কোট-টাই পড়া, ব্যাকগ্রাউন্ড সাদা কালারের, মুখ গম্ভীর করা কোন ছবি বাছাই করতে হবে এরকম কিছু না।

প্রথমত প্রোফাইল পিকচারে চেহারা স্পষ্ট বোঝা যেতে হবে। চেহারা হবে স্বাভাবিক হাস্যোজ্জ্বল । কোট-টাই প্রয়োজন নাই। কিন্তু চেহারাকে মাধুর্য প্রদান করবে এমন পোশাক পরিহিত ছবিই বাছাই করতে হবে। খুবই সাধারণ ব্যক্গ্রাউন্ড রাখতে হবে। পর্যবেক্ষক যেন কোনক্রমেই চেহারার চাইতে ছবিটিতে বেশি দৃষ্টি না দেয়। প্রয়োজনে প্রোফেশনাল কোন ফটোগ্রাফার দিয়ে ছবি তুলে নেয়া যেতে পারে।

অনেকে ফুলের ছবি, ল্যাপটপের ছবি প্রোফাইলে দিয়ে রাখে যা প্রফেশনাল নয়। তবে এজেন্সি / কোম্পানির ক্ষেত্রে লোগো দেয়া যেতে পারে। ল্যাপটপ / ডেস্কটপসহ একটি ছবি তুলে দেওয়া যেতে পারে। নিচে কিছু প্রোফাইলের ছবির উদাহরণ দেয়া হলো-





চিত্র: প্রোফাইলের ছবি

আমরা যখন মার্কেটপ্লেসে প্রোফাইল তৈরি করি তখন পাবলিক প্রোফাইলের একটি URL থাকে। যা পাবলিক্যালি শেয়ার করা যায়। মার্কেটপ্লেসে একাউন্ট না থাকলেও যে কেউ প্রোফাইল দেখতে পারে। সেই URL চেষ্টা করব সার্ভিস ফোকাসড করার। যেমন: fiverr.com/seoservice

অনেক মার্কেটপ্লেসেই ইউজার নেম পাবলিক প্রোফাইল হয়, এজন্য ইউজার নেম দেয়ার সময়ই সেই সার্ভিস ফোকাসড করা উচিৎ। এখানে seoservice যদি কেউ ফাইভারে ইউজার নেম দেয় সেক্ষেত্রে তার ফাইভার পাবলিক প্রোফাইল হবে fiverr.com/seoservice


অধিকাংশ ক্ষেত্রে ইউজার নেম পরিবর্তন করা যায় না। তাই ইউজার নেম দেয়ার সময় খেয়াল করতে হবে।

কিছু মার্কেটপ্লেস আছে যেখানে পাবলিক প্রোফাইলে ব্যানার অ্যাড করা যায়। সেক্ষেত্রে সুন্দর একটি ব্যানার অ্যাড করতে হবে। ব্যানারে সার্ভিস হাইলাইট করে কিছু সার্ভিসের টাইটেল লিস্ট আকারে দেয়া যেতে পারে।




চিত্র: প্রোফাইলের ব্যানার

## প্রোফাইলের বর্ননা (Profile Description):




চিত্র: প্রোফাইলের বর্ননা

এবার স্কিল অনুযায়ী টাইটেল-ট্যাগ-ডেসক্রিপশন লিখতে হবে। একই ধাচের কাজের নাম দিয়ে টাইটেল ও ট্যাগ লাইন বসান। ধরা যাক আপনি এসইও, ডিজিটাল মার্কেটিং, কন্টেন্ট রাইটিং- এর কাজ ভাল জানেন। তাহলে ক্রমানুসারে এগুলো বসান টাইটেল ট্যাগ হিসেবে। কিন্তু একই সাথে ওয়েব ডিজাইন, ইন্টারনেট মার্কেটিং, অ্যাপস ডেভেলপমেন্ট, সার্ভার রক্ষণাবেক্ষন, কাস্টমার সার্ভিস এবং কন্সাল্টেন্সি জাতীয় কাজ প্রোফাইলে রাখবেন না। এতে প্রোফাইলের সক্ষমতা নষ্ট হয়। যা করছেন একটি ক্যাটাগরীর কাজ

করুন। এতে  ইন্ডাস্ট্রিতে আপনি সহজে দক্ষতা অর্জন করতে পারবেন। সফলতাও পাবেন। তাছাড়া সার্চ ইঞ্জিনে আপনাকে খুজে পেতে টাইটেল অংশটি বিরাট ভূমিকা রাখে। ডেসক্রিপশন / অভারভিউ লেখার ক্ষেত্রে সৃজনশীলতা দেখান। প্রথম লাইনে এমন কিছু বলার চেষ্টা করুন যেন ক্লায়েন্ট দেখা মাত্র সম্পূর্ণটি পড়ার সিদ্ধান্ত নেয়।

আপনি কোন কাজে এক্সপার্ট বেশি, কোনটিতে কম এখানে এসব বলার প্রয়োজন নেই। কারণ  টাইটেল আর ট্যাগ লাইন বলে দেবে দক্ষতা। ডেসক্রিপশনে  অভিজ্ঞতা প্রকাশ করতে পারেন। এছাড়া  কাজ করার স্ট্র্যাটেজি অল্প কথায় লিখুন। ক্লায়েন্টের সাথে যোগাযোগ এবং কাজের ব্যপারে আপনি যথেষ্ঠ বন্ধু ভাবাপন্য সেটি উল্লেখ করুন। বোঝাবার চেষ্টা করুন আপনি কাজকে ভালবাসেন বলেই এ ধরনের কাজ করেন। ডেসক্রিপশনে কোথাও গ্রামাটিক্যাল ভুল বা ভাবের আতিশয্য যেন প্রকাশ না পায় সেটি লক্ষনীয়। কারণ  নিজের প্রোফাইল ডেসক্রিপশনেই যদি টুকটাক ভুল রেখে দেন তা হলে ক্লায়েন্টের কাজে যে ভুল রাখবেন না সেটি কিভাবে আশা করা যায়! তাই ইংরেজির প্রতি যত্নবান হউন। ইন্টারনেটে অনেক গ্রামার চেকার টুল রয়েছে। চাইলে অবশ্যই  ডেসক্রিপশনটি সেখানে চেক করিয়ে নিতে পারেন।

## প্রতিঘন্টা রেট (Hourly Rate):

আপনি কী রকম রেটে প্রতি ঘন্টা কাজ করতে আগ্রহী তার একটি সাধারন ধারণা ক্লায়েন্ট  প্রোফাইলে দেয়া ঘন্টাপ্রতি রেট থেকে পায়। কাজেই এটি নির্বাচনের সময় একটু ভেবে চিন্তে লিখুন। সবচেয়ে ভাল হয়  ইন্ডাস্ট্রির অন্যান্য দক্ষ ব্যক্তিরা কী রেটে কাজ করে তা জানুন। তাদের কাজের সাথে  নিজের কাজের তুলনা করুন তারপর ঠিক করুন  ঘণ্টাপ্রতি কাজের দাম কত হওয়া উচিত। তবে অবশ্যই মার্কেটপ্লেসে যারা অনেক অভিজ্ঞ নতুন হিসেবে  কাজের রেট তাদেরও সমান হবে না। আপওয়ার্কে সর্বনিম্ন প্রতিঘন্টা রেট ৩ ডলার। আপনি নতুন হিসেবে ৩-৫ ডলার রেট দিতে পারেন। পরবর্তীতে কিছু কাজ এবং ভাল রেটিং পাওয়ার পর ধীরে ধীরে বাড়ানো যেতে পারে। তবে কখনই ফ্রি বা খুব কম রেটে কাজ করা যাবে না।


## স্কিল টেস্ট (Skill Test):

ফ্রিল্যান্স প্রোফাইল তৈরির আরেকটি গুরত্বপূর্ণ অংশ হচ্ছে টেস্ট। একজন ফিল্যান্সার কোন ক্যাটাগরিতে কাজ করে সেখানে তার দক্ষতা কতটুকু তা বোঝার জন্য কোন ক্লায়েন্ট টেস্ট অংশটুকুতে চোখ বোলাতে ভুল করেনা। তাই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এই টেস্ট অংশটি সাজানো উচিত। প্রোফাইলের শুরুর দিকে যে টাইটেল-ট্যাগ এবং ডেসক্রিপশন অংশটি শেষ করেছি এখানে তারই প্রতিফলন পড়বে। তাই আপনি যে ক্যাটাগরিতেই কাজ করেন না কেন সকল মার্কেটপ্লেসেই সেগুলোর কিছু না কিছু টেস্ট রয়েছে। তবে আপওয়ার্ক সম্প্রতি Readyness টেস্ট ছাড়া বাকিগুলো উঠিয়ে নিয়েছে। একটু সময় নিয়ে হলেও টেস্টগুলো দিন। ভাল ফলাফল করা টেস্টগুলোর রেজাল্ট পাবলিক Visible করে রাখুন আর খারাপ করা টেস্টগুলো হাইড করে রাখতে পারেন। ফাইভারে কিছু ক্যাটাগরীতে স্কিল টেস্ট না দিলে বা পাস না করলে গিগ পাবলিস করা যায় না।

## এমপ্লয়মেন্ট হিস্টোরি, শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য অভিজ্ঞতা (Employment history, Educational Qualification and Other Experiences):

যদিও এই অংশগুলোর একটিও ততোটা গুরত্বপূর্ণ নয় তথাপি নিজের প্রোফাইলের সৌন্দয্য বৃদ্ধিতে নিশ্চয়ই এই বিষয়গুলো হালনাগাদ করে নিতে কেউ আপত্তি করবেন না। শুধু তাই নয় যখন একজন ক্লায়েন্ট  প্রোফাইলে এসে দেখতে পাবে প্রত্যেকটি অংশে  সুচারু হাতের স্পর্শ রয়েছে নিঃসন্দেহে এরকম একটি প্রোফাইলের প্রতি ক্লায়েন্ট দুর্বল হয়ে পড়বে। আপনি  ফ্রিল্যান্স প্রোফাইল নিয়ে কতটা সিরিয়াস এবং ভবিষ্যতে যদি সে আপনাকে হায়ার করে তাহলে তার কাজের প্রতিও আপনি এরকমই সিরিয়াসনেস প্রদর্শন করবেন- এরকমই ধারণা জন্মাবে তার মনে।


### কর্ম দক্ষতা (Skills:)




চিত্র: কর্ম দক্ষতা

প্রোফাইলের স্কিলস্ পার্টটিও গুরুত্বপূর্ণ। আপনি কোন কোন বিষয়ে পারদর্শী সেগুলো এখানে সিলেক্ট করতে হবে। আপনি যখন এসইও নিয়ে কাজ করছেন, তখন এসইও এবং এর সাথে সম্পর্কিত স্কিলসগুলো অ্যাড করতে পারেন। এর ফলে স্কিলস এর সাথে মিল থাকা জবগুলোতে ইনভাইটেশন পাওয়ার সম্ভবনা বেশি থাকে। আপনি যদি অন্য ক্যাটাগরির কাজ জেনেও থাকেন তা এখানে অ্যাড না করাই ভালো। ফাইভারে স্কিলস্ টেস্ট দিলে ঐ স্কিলস্গুলোর ভেরিফাইড মার্ক থাকে যা একজন ক্লায়েন্টের কাছে আকর্ষনীয় হতে পারে।

### কর্মঅভিজ্ঞতা (Protfolios):




চিত্র: কর্মঅভিজ্ঞতা

পোর্টফোলিও হলো আপনি ইতিপূর্বে যে সকল কাজ করেছেন তার সুন্দর একটি প্রেজেন্টেশন। আপনি এ পর্যন্ত যত ফ্রিল্যান্স কাজ করেছেন তার স্ক্রিনশট নিয়ে উক্ত কাজের বিবরণ এবং লাইভ লিঙ্কসহ প্রোফাইলে যোগ করতে পারেন। এখানে উল্লেখ্য, আজে-বাজে কোন কিছু পোর্টফোলিও আইটেম হিসেবে এড না করাই বুদ্ধিমানের কাজ। এতে ইম্প্রেশন নষ্ট হওয়া থেকে বেঁচে যাবে।

তাই প্রোফাইল যে ধরনের কাজ করার জন্য তৈরি করতে চাচ্ছেন সে সম্পর্কিত অতীতের অনুশীলন এবং অন্য ক্লায়েন্ট এর জন্য করা কাজের স্ক্রিনশট দিতে পারেন।


নতুনদের জন্য পোর্টফোলিও তৈরি করা একটু কষ্টসাধ্য ব্যাপার, কারণ অতীতের কাজ কম থাকে। এক্ষেত্রে লোকাল ক্লায়েন্টের কাজ করে সেগুলো অ্যাড করতে পারেন। নিজের পারসোনাল কোন ওয়েবসাইট থাকলে তা অ্যাড করতে পারেন বা এসইও প্র্যাকটিস করার জন্য একটি ওয়েবসাইট তৈরি করতে পারেন।

# সেলফ চেক-১.৩

## মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রতিঘন্টা রেট বলতে কি বুঝায়?

উত্তর:

২. স্কিল টেস্ট কি?

উত্তর:

৩. ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল আপডেট করা বলতে কী বোঝায়?

উত্তরঃ

৪. ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল আপডেট করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী?

উত্তরঃ

# উত্তরপত্র-১.৩

## মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করা ।



১. প্রতিঘন্টা রেট বলতে কি বুঝায়?

উত্তরঃ প্রতিঘন্টা কাজ করার জন্য একজন ফ্রিল্যান্স্যার যে পরিমান ডলার ক্লাইন্টের থেকে চার্জ কওে তাকে প্রতিঘন্টা রেট বলে।

২. স্কিল টেস্ট কি?

উত্তরঃ মার্কেটপ্লেসে যুক্ত হওয়ার পর মার্কেটপ্লেসে ফ্রিল্যান্স্যারদেও দক্ষতা প্রমানের জন্য টেস্ট / পরীক্ষাদেওয়ার প্রয়োজন হয়। এইটেস্টকে স্কিল টেস্ট বলা হয়।

৩. ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল আপডেট করা বলতে কী বোঝায়?

উত্তরঃ ফ্রিল্যান্সিং প্লাটফরমে রেজিস্ট্রেশনের পর প্রোফাইলের যাবতীয় তথ্য (যেমনঃ পূর্ণ নাম, বিবরণ, স্কিলস, পোর্টফোলিও ইত্যাদি) সঠিকভাবে যুক্ত বা সংযোজন/বিয়োজন করা বোঝায়।

৪. ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল আপডেট করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী?

উত্তরঃ ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল আপডেট করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়গুলো হলো ছবি, প্রোফাইল ডেসক্রিপশন, প্রতি ঘন্টা রেট, স্কিল টেস্ট, এমপ্লয়মেন্ট হিস্টোরি, স্কিলস, পোর্টফোলিও, শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য অভিজ্ঞতা। এছাড়াও প্রোফাইলে দেয়া তথ্যের সঠিক ও নির্ভুল থাকা জরুরী।

# কর্মপত্র (Job Sheet) ১.৩

## Job Name (কাজের নাম)ঃ মার্কেটপ্লেসে প্রোফাইল আপডেট করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১) কম্পিউটার

২) ওয়েব ব্রাউজার

৩) ইন্টারনেট কানেকশন



### ফ্রিল্যান্সিং প্লাটফরমে আপডেট করণের উদ্দেশ্যঃ

ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল হালনাগাদ করতে পারবে। প্রোফাইল হালনাগাদকরণের পদ্ধতি ও ধারাবাহিকতা জানতে পারবে।

### প্লাটফরমে রেজিস্ট্রেশনকরণের সতর্কতাঃ

- বাধ্যতামূলক তথ্যসমূহ অবশ্যই নির্ভুলভাবে প্রদান করতে হবে।
- ভুল তথ্য দেয়া যাবে না।
- যথাযথভাবে একটির পর একটি ধাপ অনুসরণ করতে হবে।
- প্রদত্ত তথ্যসমূহ সংরক্ষনে রাখতে হবে। প্রয়োজনে এক সেট প্রিন্ট (হার্ড) কপি রাখতে হবে।

### কাজের ধারাবাহিকতাঃ

১. অনুশীলনপত্র (Practice sheet) নিন

২. অনুশীলনপত্র অনুসারে ধারাবাহিকভাবে ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল হালনাগাদকরণ সম্পন্ন করুন।

৩. কার্যসম্পাদন প্রশিক্ষককে অবহিত করুন।

৪. কাজ উপস্থাপন করুন।

# উপকরণপত্র (Specification Sheet) ১.৩



**প্রয়োজনীয় উপকরণঃ**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার

২. ইন্টারনেট সংযোগ

৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার

৪. স্ক্যানার ও প্রিন্টার

৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ

৬. খাতা, কলম/পেন্সিল


৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**পিপিইঃ**

১. এপ্রোন
২. বিদ্যুৎ নিরোধক জুতা


## ফ্রিল্যান্সিং প্রোফাইল হালনাগাদ করা (Update Freelancing Profile)

প্রোফাইল আপডেড (Profile Update) করার জন্য প্রথমে প্রোফাইল পিকচারে (Profile Picture) ক্লিক করতে হবে।





চিত্র : Profile Update

তারপর Profile এ ক্লিক করতে হবে। সেখান থেকে প্রোফাইল পিকচার, ট্যাগলাইন আপডেট করতে হবে।





চিত্র : Profile Update

এরপর প্রোফাইলের বর্ণনা, ভাষা আপডেট করতে হবে। এবং স্কিল টেস্ট দেয়ার সুযোগ থাকবে, সেখান থেকে স্কিল টেস্ট দিতে হবে।




চিত্র : Profile Update

এরপর স্কিলস (Skills) যোগ করতে হবে। তারপর শিক্ষাগত যোগ্যতা। তারপর আপনার কাজের উপর যদি কোন সনদপত্র থাকে তা যোগ করতে হবে।





চিত্র : Profile Update

এগুলো ভালোভাবে শেষ করলে প্রোফাইল আপডেট (Profile Update) শেষ হবে।

# অনুশীলনপত্র (Practice Sheet) ১.৩


## ১. ফ্রিল্যান্সিং প্লাটফরমে প্রোফাইল হালনাগাদকরণ অনুশীলন ঃ

প্রোফাইল আপডেড (Profile Update) করার জন্য প্রথমে প্রোফাইল পিকচারে (Profile Picture) ক্লিক করতে হবে। তারপর Profile এ ক্লিক করতে হবে ।





চিত্র : Profile Update

সেখান থেকে প্রোফাইল পিকচার, ট্যাগলাইন আপডেট করতে হবে।





চিত্র : Profile Update

এরপর প্রোফাইলের বর্ণনা, ভাষা আপডেট করতে হবে। এখানে স্কিল টেস্ট দেয়ার সুযোগ থাকবে, সেখান থেকে স্কিল টেস্ট দিতে হবে।




চিত্র : Profile Update


এরপর স্কিলস (Skills) এবং শিক্ষাগত যোগ্যতা যোগ করতে হবে। । তারপর কাজের উপর যদি কোন সনদপত্র বা অভিজ্ঞতার সনদপত্র থাকে তা যোগ করতে হবে।




চিত্র : Profile Update


## ২. ব্রাউজিং সফটওয়্যারের মাধ্যমে ফ্রিল্যান্সিং প্লাটফরম বন্ধ ও লগ-আউট/সাইন-আউট করা অনুশীলন ঃ

লগ-ইন অবস্থায় প্রোফাইলের ছবিতে ক্লিক করতে হবে।




চিত্র : ফাইভার প্রোফাইল পিকচার

এরপর লগ-আউট বাটন পাবেন। লগ-আউট বাটনে ক্লিক করলে লগ-আউট হয়ে যাবে।




চিত্র : লগ-আউট অপশন

# যেভাবে সক্ষমতাভিত্তিক এই শিখন উপকরণ ব্যবহার করতে হবে

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো আপনাকে সম্পন্ন করতে হবে। **সার্স ইঞ্জিন অপটিমাইজেশন ফ্রিল্যান্সিং** অকুপেশনের অন্যতম ইউনিট হচ্ছে **'পারফর্ম জব এ্যানালাইছিছ, বিডিং এন্ড গিগ'**। এই মডিউলের মাধ্যমে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিধান সম্পর্কে জানতে পারবে, ব্যক্তিগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিধান কর্মক্ষেত্রে প্রয়োগ করতে পারবে, ঝুঁকি ও বিপত্তি চিহ্নিত ও মূল্যায়ন করতে পারবে। দক্ষ কর্মীর জন্য যে জ্ঞান ও ইতিবাচক আচরণ প্রয়োজন তা এই কোর্সে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কর্মকান্ড সম্পন্ন করতে হবে। এইসব কর্মকান্ড একটি নির্দিষ্ট শ্রেণিকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলনও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য 'শিখন কার্যক্রম' অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রমপত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করবে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কাজ এবং সুনির্দিষ্টভাবে কাজ করার সম্যক ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট'-এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেকশীট' সমাপ্ত করুন। একজন কর্মী কীভাবে কাজের ক্ষেত্রে উন্নতি লাভ করেছে সেটি জানতে 'সেলফ চেক' আপনাকে সহযোগিতা করবে। 'সেলফ চেক' কতটা সঠিক হয়েছে তা জানার জন্য 'উত্তরপত্র' দেখুন।

কার্যক্রম পত্রে নির্দেশিত উপায়ে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করা হবে যে, পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কি-না তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মানের একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য। এটি কোনো দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নয়।

# মডিউলের বিষয়বস্তু

**মডিউলের নাম :** ‘পারফর্ম জব এ্যানালাইছিছ, বিডিং এন্ড গিগ (Perform Job Analysis, Bidding and Gigs)

**মডিউলের বর্ণনা :**

এ ইউনিটে **পারফর্ম জব এ্যানালাইছিছ, বিডিং এন্ড গিগ**- এর কৌশল প্রয়োগ করার প্রয়োজনীয় তথ্যাদি ও পদ্ধতি অন্তর্ভূক্ত আছে। এ দক্ষতাসমূহ বোঝা ও জানার মাধ্যমে একজন শিক্ষার্থী পারফর্ম জব এ্যানালাইছিছ, বিডিং এন্ড গিগ-এর কৌশলসমূহ প্রয়োগ করতে সক্ষম হবে।

নুন্যতম সময়: ১৫ ঘন্টা।

## শিখনফল (Learning Outcome) ঃ

এই মডিউলটি সম্পন্ন করার পর শিক্ষার্থীরা নিম্নক্তো কাজগুলো করতে পারবে :

১) জব অ্যান্যালাইসিস করা

২) জবে বিড করা

৩) গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা

৪) গিগ তৈরি করা

## যাচাই/মুল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ

১) জব অ্যান্যালাইসিস করতে পারবে।

২) ক্লায়েন্ট হিস্টোরি সম্পর্কে জানবে।

৩) জব ডেসক্রিপসন সম্পর্কে জানবে।

৪) জবে বিড করতে পারবে।

৫) বিডের জন্য জব নির্বাচন  করতে পারবে।

৬) কভার লেটার লিখতে পারবে।

৭) গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করতে পারবে।

৮) গিগ তৈরী করতে পারবে।

# শিখনফল (Learning Outcome)ঃ ১# জব অ্যান্যালাইসিস করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

২. জব অ্যান্যালাইসিস

৩. ক্লায়েন্ট হিস্টোরি

৪. জব ডেসক্রিপসন

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. জব অ্যান্যালাইসিস করতে পারবে।

২. ক্লায়েন্ট হিস্টোরি সম্পর্কে জানবে।

৩. জব ডেসক্রিপসন সম্পর্কে জানবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): জব অ্যান্যালাইসিস করা।

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| জব অ্যান্যালাইসিস করা।<br> | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● জব অ্যান্যালাইসিস করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১ পড়তে হবে।<br>● জব অ্যান্যালাইসিস করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১ সম্পাদন করতে হবে।<br>● জব অ্যান্যালাইসিস করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১




**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা জব অ্যান্যালাইসিস করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

যে কোন জবে বিড করার পূর্বে জব অ্যান্যালাইসিস করাটা খুবই গুরুত্বপূর্ণ। কারণ বর্তমানে মার্কেটপ্লেসে বিড করার জন্য এখন পে করা লাগে। ভালোভাবে জব অ্যান্যালাইসিস না করে শত শত জবে অ্যাপ্লাই করেও অনেক সময় জব পাওয়া যায় না। আবার বিড করার জন্য চার্জও লাগে। সুতরাং বিড করার পূর্বে অবশ্যই জব এবং ক্লায়েন্ট সম্পর্কে ভালোভাবে জানা জরুরি।

মার্কেটপ্লেসগুলোতে জবের জন্য দু' ধরনের চুক্তি করা হয়। আওয়ারলি জব এবং ফিক্সড জব চুক্তি। আওয়ারলি জবগুলো প্রতি ঘন্টায় পেমেন্ট করে, কাজ কতটুকু শেষ হলো সেটা এখানে বিবেচ্য বিষয় না।

ফিক্সড জবের ক্ষেত্রে ক্লায়েন্টের যাথে চুক্তি হয় কত ডলারে তার প্রজেক্ট সম্পন্ন করা হবে। ক্লায়েন্টকে কাজ ডেলিভারি দেয়ার পর যদি তার পছন্দ হয় তাহলে সে পেমেন্টে রিলিজ করবে আর পছন্দ না হলে রিফান্ড চাইবে বা ডিসপুট করবে বা নেগেটিভ রিভিউ দেবে।

জব অ্যান্যালাইসিস এর ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে :




**চিত্রঃ আপওয়ার্ক জব**

## ১। ক্লায়েন্ট হিস্টোরিঃ

- আপনি প্রথমে উপরের ছবির ১ নং পয়েন্টের দিকে খেয়াল করবেন। আগেই দেখে নিন আপনি যার কাজের জন্য বিড করছেন তার একাউন্টের পেমেন্ট মেথড ভেরিফাইড কিনা। এখানে ছবিতে দেখা যাচ্ছে তার পেমেন্ট মেথড ভেরিফাইড কারণ তার পাশে গ্রীন কালারের টিক চিহ্ন আছে।

এরপর তার প্রিভিয়াস কন্টাক্টর/ওয়ার্কারদের দেয়া রেটিং কত? ৪ এর নিচে রেটিং হলে বিড না করাই ভালো।

- এবার সে কোন দেশের ক্লায়েন্ট জানতে হবে। তুলনামূলকভাবে ইন্ডিয়া/ পাকিস্তান/ফিলিপাইন/ইস্রাইল এড়িয়ে চলা ভালো। তবে কারো ভালো লাগলে কাজ করা যেতে পারে, কারন সবাই খারাপ হয় না।
- এবার দেখে নিন তার হায়ার রেট কেমন। সে এ যাবৎ কতগুলো জব পোস্ট করেছে আর কত % হায়ার করে। অনেক ক্লায়েন্ট আছে শুধু পোস্ট করে হারিয়ে যায়। এদের জবে বিড করে আপনার কানেক্টস নষ্ট করবেন না। মিনিমাম ৭০% হায়ার রেট হলে বিড করা ভালো। তবে আপনি বাড়াতে কমাতে পারেন। ৪ নং পয়েন্টে তার টোটাল স্পেন্ড দেখতে পারেন। তবে এটি এতটা গুরুত্বপূর্ণ নয়।

## ২। জব ডেসক্রিপসন:

উপরের চিত্রের ৫ নং চিহ্নিত স্থানে এবার জবের ডিস্ক্রিপশনটি খুব ভালো করে মিনিমাম দু' বার পড়ুন এবং এটিকে বোঝার চেষ্টা করুন-

- ক্লায়েন্ট কী চেয়েছে তা বুঝতে পেরেছেন কিনা? তার রিকয়ারমেন্ট আপনাকে বুঝতে হবে।
- আপনি কি তার কাজটি করতে পারবেন?
- আপনি কি তার দেয়া কাজের চাহিদা পূরণ করতে পারবেন?


যদি পারেন তাহলে পরের ধাপে যান না হলে ওই জব থেকে বের হয়ে যান।

উপরের চিত্রের ৬নং চিহ্নিত স্থানে অনেকগুলো বিষয় আছে যেমন প্রজেক্ট স্টেজ, প্লাটফর্ম, অনগোয়িং প্রজেক্ট, প্রজেক্ট টাইপ, আদার স্কিল।

**প্লাটফর্ম:** এখানে সে তার প্রজেক্টেও সম্ভাব্য টুলস / সাইট নিয়ে লিখেছে। আপনি মিলিয়ে নিন এর ব্যবহারে আপনি এক্সপার্ট কিনা।

**অনগোয়িং প্রোজেক্ট:** আপনি দেখে নিন এখানে দেয়া প্রজেক্ট টাইপের কোনো প্রজেক্ট আপনার রানিং আছে কিনা। (নতুনদের এটি খেয়াল করার দরকার নেই।)

**প্রজেক্ট টাইপ:** এটি কেমন টাইপের প্রজেক্ট সেটি বলা হয়েছে।




**চিত্রঃ আপওয়ার্ক জব**

উপরের চিত্রের ৭ নং পয়েন্টটি সব জবে থাকে না। তবে এখন বেশিরভাগ জবেই থাকে। যদি এটি থাকে তাহলে আপনাকে এই প্রশ্নের উত্তর করতে হবে। আর আপনাকে মাথায় রাখতে হবে যে এটি কিন্তু ক্লায়েন্টের কাছে আপনাকে শর্টলিস্ট করার বা ইন্টারভিউ তে ডাকার একটি অন্যতম কারণ হতে পারে যদি আপনি তাকে এর উত্তর খুব ভালো ভাবে বর্ণনা করতে পারেন। তাই এটিকে হেলায় পাশ কাটানোর চেষ্টা ভুলেও করবেন না। এটিকে অনেক সুন্দর করে গুছিয়ে লেখার চেষ্টা করবেন ।

এখানে ক্লায়েন্ট একাধিক প্রশ্নও দিয়ে থাকে। সুতরাং এটি আপনার ইনটারভিউ পাওয়ার একটি ভালো হাতিয়ার হতে পারে।

উপরের চিত্রের ৮ নং পয়েন্টটি Job success ratio। এই স্যাম্পল জবে এটি ৯০% আছে। এখন এখানে নতুনদের একটু সমস্যা হয়। তবে নতুনদের জন্য পরামর্শ এই যে এটিকে Ignore করতে। আপনার অন্য সব ঠিক থাকলে এটি আপনাকে খুব বেশি ভোগাবে না। আর সব জবে এটি ৯০% থাকে না। যদি থাকেও আপনি Ignore করুন। যদি বাকি অন্য সব পয়েন্ট ঠিক থাকে বিড করুন।

উপরের চিত্রের ৯ নং পয়েন্টটি Prefered location, এটি সব জবে থাকে না। তবে অনেক ক্লায়েন্টই স্পেসিফিক লোকেশন থেকে ফ্রিল্যান্সার হায়ার করতে চায়। যেমন এখানে দেখা যাচ্ছে ক্লায়েন্ট আমেরিকা থেকে লোক চাচ্ছে। আর আমি বাংলাদেশের তাই, আমার এখানে রেড দেখাচ্ছে। এইরকম জবে বিড না করাই ভালো।

উপরের চিত্রের ১০ নং পয়েন্টটিতে Language এর স্কিল জানতে চেয়েছে। English Language এ দক্ষতা কেমন তা আপনার প্রোফাইলে সিলেক্ট করা থাকবে। অনেক সময় ক্লায়েন্ট নেটিভ চায়, সেক্ষেত্রে আমাদের অগ্রাধিকার থাকে না।

উপরের চিত্রের ১১ নং সেকশনে এই জবে কতজন ইতিমধ্যে বিড করেছে, কত জনকে ক্লায়েন্ট ইনভাইট করেছে এবং কত জনকে ইন্টারভিউ কল করেছে তা দেখতে পারবেন।

যদি আপনি দেখেন যে ইতিমধ্যে ক্লায়েন্ট ৩/৪ জনকে ইন্টারভিউতে কল করেছে বা ৩/৪ জনকে ইনভাইট করেছে সেই জবে বিড না করাই ভালো।

অনেক সময় কিছু ক্লায়েন্ট পাবেন যারা কিছু কাজ স্যাম্পল হিসেবে করে দিতে বলবে, বা বলতে পারে যে একটি কাজ করে দিলে তারপর হায়ার করবে। কিছু আছে বলবে সেলস হলে কমিশন দেবে, এ ধরনের ক্লায়েন্ট থেকে দূরে থাকা ভালো।


উপরোক্ত বিষয়গুলো বিবেচনা করার পর সিদ্ধান্ত নিতে হবে যে, কোন জবে বিড করবেন আর কোন জবে বিড করবেন না। কারণ বিড করার জন্য কানেক্টস্ কিনতে হয়। তাই কানেক্টস্গুলো যেন সঠিকভাবে ব্যবহার করতে পারেন সে বিষয়ে খেয়াল রাখা

# সেলফ চেক-১.১

## জব অ্যান্যালাইসিস করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন- ক্লায়েন্ট হিস্টোরি বলতে কী বোঝায়?

উত্তরঃ

২. প্রশ্ন- ক্লায়েন্টের রেটিং বলতে কী বোঝায়?

উত্তরঃ

# উত্তরপত্র-১.১



## জব অ্যান্যালাইসিস করা

১. **প্রশ্ন- ক্লায়েন্ট হিস্টোরি বলতে কী বোঝায়?**
উত্তরঃ ক্লায়েন্ট মার্কেপ্লেসে কী ধরনের কার্যক্রম করেছে, ক্লায়েন্টের লোকেশন, রেটিং, হায়ার রেট, রিসেন্ট জব ইত্যাদি হলো ক্লায়েন্ট হিস্টোরি।

২. **প্রশ্ন- ক্লাইন্টের রেটিং বলতে কী বোঝায়?**
উত্তরঃ ক্লায়েন্ট অতীতে যে সব ফ্রিল্যান্সারদের সাথে কাজ করেছে তারা কত রেটিং দিয়েছে (৫ এর মধ্যে) সেগুলোর গড় রেটিংই ক্লায়েন্টের রেটিং।

# কর্মপত্র (Job Sheet) ১.১

## Job Name (কাজের নাম)ঃ জব অ্যানালাইসিস করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

৮. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার

৯. ইন্টারনেট সংযোগ

১০. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার

১১. স্ক্যানার ও প্রিন্টার

১২. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ

১৩. খাতা, কলম/পেন্সিল

১৪. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

৩) মার্কেটপ্লেসে জব অ্যানালাইসিস করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১



১. ক্লায়েন্ট হিস্টোরি সম্পর্কে ধারণা লাভ করেন।

২. জব ডেসক্রিপসন সম্পর্কে ধারণা লাভ করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ২# জবে বিড করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. জবে বিড করা

২. মার্কেটপ্লেসে সক্রিয় থাকা

৩. বিডের জন্য জব নির্বাচন

৪. প্রোপোজাল লেটার বা কভার লেটার

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. জবে বিড করতে পারবে।

২. বিডের জন্য জব নির্বাচন  করতে পারবে।

৩. কভার লেটার লিখতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): জবে বিড করা।

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| জবে বিড করা।<br> | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● জবে বিড করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২ পড়তে হবে।<br>● জবে বিড করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২ সম্পাদন করতে হবে।<br>● জবে বিড করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা জবে বিড করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।



জবে বিড করা বলতে বোঝায় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে কাজ পাওয়ার জন্য আবেদন করা। যে কোন জবে বিড করার জন্য মার্কেটপ্লেসে সক্রিয় থাকা খুবই জরুরী। আমাদের অফিস টাইম থেকে আমেরিকা বা কানাডার অফিস টাইম আলাদা। যার ফলে বিড করার জন্য তাদের অফিসিয়াল টাইম আমাদেরকে বেছে নিতে হবে। কারণ জব পোস্ট করার পর যত দ্রুত বিড করবেন তত কাজ পাওয়ার সম্ভাবনা বেড়ে যাবে। কাজ পাওয়ার জন্য আমাদের রাতের টাইমই উপযুক্ত।

**মার্কেটপ্লেসে সক্রিয় থাকা:**

নতুনদের জন্য প্রোফাইল কমপ্লিট করার পর কাজ পাওয়ার পরবর্তী পদক্ষেপ হচ্ছে সক্রিয়তা। মার্কেটপ্লেসে যতবেশি একটিভ থাকবেন কাজ পাবার সম্ভাবনা ততবেশী। যেমন: হয়তো একটি কাজে বিড করেই আপনি অফ-লাইন হয়ে গেলেন। সাধারণত ক্লায়েন্ট অফ-লাইনে থাকা কাউকে ইন্টারভিউয়ের জন্য ডাকে না।। সুতরাং মোবাইল হোক বা কম্পিউটার যেকোন ভাবে আপনাকে দিনের অধিকাংশ সময় অনলাইন থাকতে হবে। একটিভ থাকার জন্য মোবাইল অ্যাপস ব্যবহার করতে পারেন।

**বিডের জন্য জব নির্বাচন:**

ইচ্ছামত না বুঝে যে কোন কাজে বিড করলে কাজ পাওয়ার সম্ভাবনা খুবই কম। কাজ পাবার ৭০% নির্ভর করে জব নির্বাচন করার উপর। যে কাজ আপনি পারেন না, যে কাজে ক্লায়েন্ট এক্সপার্ট লেভেলের ফ্রিলান্সার চাইছে, যে কাজে ক্লায়েন্ট নির্দিষ্ট কোয়ালিফিকেশন চাইছে (৯০% জব সাকসেস, রাইজিং টেলেন্ট, ১০০+ ঘন্টা ইত্যাদি) সেই সকল কাজ থেকে প্রথম অবস্থায় দূরে থাকতে হবে। আপনি যদি আপওয়ারর্কে প্রচুর সময় দিয়ে জব পোস্ট দেখে থাকেন তাহলে দেখবেন প্রতিদিনই কিছু সহজ জব আসে যেগুলোতে ক্লায়েন্ট অনেক ফ্রিল্যান্সার হায়ার করে, এমনকি বলেই দেয় তারা নতুন ফ্রিল্যান্সার চায়। আপনি সেই জবগুলোয় বিড করতে পারেন। আপওয়ার্কে তিন লেভেলের জব দেখতে পাবেন। প্রথম অবস্থায় Entry Level ও Medium Level এর জবগুলোতে বিড করতে পারেন।

**প্রোপোজাল লেটার বা কভার লেটার:**


নতুনদের জন্য কভার লেটার অনেক গুরুত্বপূর্ণ। ক্লায়েন্টের জব পোস্টটি খুব ভালোভাবে পড়ে নিন। সেখান থেকে তার মেইন রিকোয়্যারমেন্ট খুজে বের করুন। তারপর সে বিষয়টি নিয়ে কভার লেটার লেখা শুরু করুন। অনেক সময় ক্লায়েন্ট একটি শব্দ দিয়ে কভার লেটার লেখা শুরু করতে বলে। কারণ, তিনি দেখতে চান আপনি পোস্টের পুরোটা পড়েছেন কি-না। কভার লেটারে শুধুমাত্র জব রিলেটেড এবং জবের জন্য দরকারী কথাবার্তা লিখবেন। অতিরিক্ত বা অপ্রয়োজনীয় কথাবার্তা পরিহার করুন। যেন আপনার কভার লেটার পড়েই ক্লায়েন্ট বুঝতে পারে আপনি এই কাজটি করতে পারবেন এবং এই কাজে এক্সপার্ট। একই কভার লেটার বা একটি টেমপ্লেট দিয়ে সব জবে বিড করা যাবে না। কারণ এক এক ক্লায়েন্টের রিকোয়্যারমেন্ট এক এক রকম। কারও কভার লেটার কপি / এডিট করেও বিড করা যাবে না। আর জব পোস্টে যদি প্রশ্ন থাকে তবে ওইগুলোর উত্তর অবশ্যই ঠিকমত দিতে হবে। বেশির ভাগ ক্লায়েন্ট ঐ প্রশ্নের উত্তর দেখেই হায়ার করে। সম্প্রতি যদি ঐ ধরণের কাজ করে থাকেন তাহলে তার লিংক কভার লেটারে অন্তর্ভুক্ত করতে পারেন এবং কভার লেটার এর নিচে ফাইল এটাচ্ করার অপসন থাকে। সেখানে এই রিলেটেড কোন কাজের স্যাম্পল থাকলে তা আপলোড করতে পারেন।

# সেলফ চেক-১.২

## জবে বিড করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন- জবে বিড করা বলতে কী বোঝায়?

উত্তরঃ

২. প্রশ্ন- মার্কেটপ্লেসে সক্রিয় থাকা বলতে কী বোঝায়?

উত্তরঃ

# উত্তরপত্র-১.২



## জবে বিড করা

১. প্রশ্ন- জবে বিড করা বলতে কী বোঝায়?

উত্তরঃ জবে বিড করা বলতে বোঝায় ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে কাজ পাওয়ার জন্য আবেদন করা।

২. প্রশ্ন- মার্কেটপ্লেসে সক্রিয় থাকা বলতে কী বোঝায়?

উত্তরঃ মার্কেটপ্লেসে সক্রিয় থাকা বলতে বোঝায় অনলাইনে থাকা এবং মার্কেটপ্লেসের এক্টিভিটি নিয়মিত চেক করা।

# কর্মপত্র (Job Sheet) ১.২

## Job Name (কাজের নাম)ঃ জবে বিড করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা


**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**


১. জবে বিড করা।

ধাপ - ১: প্রথমে বিড করার জন্য একটা জব নির্বাচন করেন:





চিত্র: জব নির্বাচন

ধাপ-২: জবে ক্লিক করুন এবং ভালোভাবে পড়ে নেন। এরপর Submit a Proposal এ ক্লিক করেন।





চিত্র: Submit a Proposal

ধাপ-৩: আপনার কাজের মূল্য নির্ধারণ করেন:





চিত্র: কাজের মূল্য নির্ধারণ

ধাপ-৩: এবার এই জবের জন্য কভার লেটার লেখেন, তারপর এই ধরণের কাজ আগে করে থাকলে তার পোর্টফোলিও অ্যাটাচমেন্টে আপলোড করেন। তারপর Submit a Proposal এ ক্লিক করেন ।




চিত্র: কভার লেটার

আপনার এই জবে বিড করা শেষ হয়েছে।




চিত্র: বিড সফল হওয়ার বার্তা

# উপকরণপত্র (Specification Sheet) ১.২

১. বিডের জন্য জব নির্বাচন করেন।

২. কভার লেটার লেখেন।

৩. বিড করেন।



# শিখনফল (Learning Outcome): ৩# গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. গিগ তৈরির প্রস্তুতি

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

শিখনফল (Learning Outcome): গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা।

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
| --- | --- |
| গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা।<br> | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.৩ পড়তে হবে।<br>• গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.৩ সম্পাদন করতে হবে।<br>• গিগ তৈরির প্রস্তুতি গ্রহনের দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.৩ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.৩




**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

গিগ তৈরির পূর্বে কয়েকটি বিষয়ে প্রস্তুতি নেয়া ভালো। কিছু কিছু ক্যাটাগরিতে স্কিল টেস্ট দিয়ে পাশ না করলে ফাইভারে গিগ পাবলিস করা যায় না। তাই আপনার স্কিল রিলেটেড যতরকম প্রশ্ন হতে পারে সেগুলো ভালোভাবে শিখে নিতে পারেন। এরপর স্কিল রিলেটেড টেস্টগুলো গিগ তৈরির পূর্বেই দিয়ে দিন।

আপনি যে গিগ তৈরি করবেন সেই রিলেটেড গিগগুলো রিসার্চ করে নিন। এরপর এসইও ফ্রেন্ডলি একটি টাইটেল তৈরি করুন। খেয়াল রাখবেন আপনার টার্গেটেড কিওয়ার্ডটি যেন টাইটেলের শুরুর দিকে থাকে।

গিগের জন্য গ্যালারিতে ভিডিও, ইমেজ অ্যাড করতে হয়। ইমেজগুলো অপটিমাইজ করে নিতে হবে। ইমেজের সর্বনিম্ন সাইজ ৫৫০ × ৩৭০ পিক্সেল। এক্ষেত্রে অনুপাত ঠিক রেখে ২/৩ গুণ বড় করে নিতে পারেন। তাহলে ইমেজ কোয়ালিটি ঠিক থাকবে। ইমেজের টাইটেল  হাইফেন (-) দিয়ে দিয়ে লিখবেন। যেমনঃ on-page-seo-service.jpg

ইমেজের EXIF ডাটাগুলো ভালোভাবে অ্যাড করবেন। এজন্য অবশ্যই .jpg ফরম্যাটের ইমেজ নিবেন। ইমেজের উপর মাউসের রাইট বাটন ক্লিক করে প্রোপারটিজে গেলে EXIF ডাটা অ্যাড করার অপশন পাবেন। নিচে একটি ইমেজের EXIF ডাটা দেখানো হলোঃ




**চিত্র:** Image EXIF

যে বিষয়ে গিগ তৈরি করবেন সে বিষয়ে যে গিগগুলো র‍্যাংকে আছে সেগুলো রিসার্স করে পাঁচটি সার্চ ট্যাগ আগে থেকেই সিলেক্ট করে রাখুন যেন গিগ তৈরির সময় রিসার্চ না করা লাগে। আপনার গিগের ক্যাটাগরি এবং সাব-ক্যাটাগরি কী হবে তা আগে থেকেই রিসার্চ করে সিলেক্ট করে রাখুন।


প্রতিটা গিগে ১ টা অথবা ৩ টা প্যাকেজ করা যায়। কতগুলো প্যাকেজ করবেন তা আপনার এবং আপনার সার্ভিসের উপর নির্ভর করে।

# সেলফ চেক-১.৩

## গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন- গিগ ইমেজের সর্বনিম্ন সাইজ কত পিক্সেল?

উত্তরঃ

২. প্রশ্ন- গিগে সর্বোচ্চ কতগুলো সার্চ ট্যাগ যুক্ত করা যায়?

উত্তরঃ

## উত্তরপত্র-১.৩



### গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করা

১. প্রশ্ন- গিগ ইমেজের সর্বনিম্ন সাইজ কত পিক্সেল?

উত্তরঃ গিগ ইমেজের সর্বনিম্ন সাইজ ৫৫০ × ৩৭০ পিক্সেল

২. প্রশ্ন- গিগে সর্বোচ্চ কতগুলো সার্চ ট্যাগ যুক্ত করা যায়?

উত্তরঃ গিগে সর্বোচ্চ পাঁচটি সার্চ ট্যাগ যুক্ত করা যায়।

# কর্মপত্র (Job Sheet) ১.৩

## Job Name (কাজের নাম)ঃ গিগ তৈরির প্রস্তুতি গ্রহন করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা


**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**


১. গিগ তৈরির জন্য ৫৫০ × ৩৭০ পিক্সেল সাইজের ইমেজ তৈরি করা ।

প্রথমে Adobe Photoshop সফটওয়্যারে যেতে হবে। তারপর File ক্লিক করে Open এ ক্লিক করতে হবে।





চিত্র: File Open

এরপর আপনি যে ছবিটি গিগ তৈরির জন্য ৫৫০ × ৩৭০ পিক্সেল সাইজের তৈরি করবেন সেটি নির্বাচন করতে হবে এবং Open এ ক্লিক (Click) করতে হবে। তাহলে আপনার কাঙ্খিত ছবিটি Open হবে।



চিত্রঃ File Open

এরপর ক্রপ টুলে ক্লিক করলে যে পিক্সেলে ইমেজটি ক্রপ করতে চাই সে সাইজ দেয়া যাবে। প্রথমে ওয়াইড দিতে হবে, সেখানে লিখতে হবে 550px, তারপর হাইটে লিখতে হবে 370px, এরপর কিবোর্ডের এন্টার বাটন চাপলে ইমেজটি ক্রপ হয়ে যাবে।




চিত্রঃ ইমেজ ক্রপ করা

এরপর File এ গিয়ে Save এ ক্লিক করলে গিগ তৈরির জন্য ৫৫০ × ৩৭০ পিক্সেল সাইজের ইমেজ হয়ে যাবে।

# উপকরণপত্র (Specification Sheet) ১.৩

১. গিগের ইমেজ তৈরী করেন।

২. গিগ তৈরীর প্রস্তুতি গ্রহন করেন।



# শিখনফল (Learning Outcome)ঃ ৪# গিগ তৈরি করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. গিগ তৈরি

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

২. গিগ তৈরী করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

শিখনফল (Learning Outcome): গিগ তৈরি করা ।

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
| --- | --- |
| গিগ তৈরি করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে- <br>• গিগ তৈরি করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.৪ পড়তে হবে। <br>• গিগ তৈরি করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.৪ সম্পাদন করতে হবে। <br>• গিগ তৈরি করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.৪ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.৪



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা গিগ তৈরি করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

গিগ তৈরির সময় অনেকটা প্লান করে এবং সময় নিয়ে করা উচিৎ। কারণ গিগটি আপনার একটি সম্পদ। সারাজীবন এখান থেকে আপনি ইনকাম করতে পারবেন। গিগ তৈরির ধাপগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হলো:


**১) আপনার সার্ভিসের সাব-ক্যাটাগরি খুঁজে বের করেন :**

আপনার একাউন্টে লগ-ইন করার পর আপনি যে ক্যাটাগরিতে কাজ করবেন ওই ক্যাটাগরিতে যারা কাজ করছে এবং যাদের রিভিউ ভালো তাদের গিগগুলো আগে পর্যালোচনা করুন। আপনি এর মধ্যে সিদ্ধান্ত নিলেন আপনি এসইও নিয়ে কাজ করবেন তাহলে এসইও রিলেটেড গিগগুলো নিয়ে রিসার্চ করুন এবং এসইও এর সাব-ক্যাটাগরিতে কোন কোন ধরনের গিগ রয়েছে তার একটি লিস্ট তৈরি করুন। এবার আপনি কোন কাজে পারদর্শী  এবং তার উপর কতগুলো গিগস করতে পারবেন তার তালিকা করুন এবং কতগুলো গিগ তৈরি করবেন তার সিদ্ধান্ত নিন।

**২) গিগ কম্পিটিশন দেখেন :**

ক্যাটাগরি সিলেক্ট করার পর আপনি আপনার কম্পিটিটর এর গিগগুলো দেখুন। বিশেষত আপনি ৪.৭ রেটিং এর উপর গিগগুলো পর্যালোচনা করুন। দেখেন তারা কী কী বিষয়ে তাদের প্রোফাইলে আলোচনা করেছে। তবে নতুন হিসেবে লেভেল-২, টপ রেটেড, এবং প্রো ভেরিফাইড এদের গিগগুলো দেখে ধারণা নেয়া থেকে বিরত থাকা উচিত।

**৩) আকর্ষণীয় গিগ টাইটেল ব্যবহার করেন:**




**চিত্র: গিগ টাইটেল**


অবশ্যই ইউনিক ও ৮০ ক্যারেক্টরস এর মধ্যে আকর্ষণীয় টাইটেল ব্যবহার করতে হবে। যেগুলো লক্ষ্য রাখবেন-

- এডজেক্টিভ ব্যবহার করুন
- ডেলিভারি টাইম যদি ২৪ ঘন্টার মধ্যে হয় তবে আপনি তা টাইটেল এ রাখতে পারেন।
- ৮০ ক্যারেক্টর এর মধ্যে টাইটেল দিন।

### ৪) সাব-ক্যাটাগরি এবং গিগ ট্যাগ সিলেক্ট করেন:

আপনি ক্যাটাগরি থেকে সাব-ক্যাটাগরি সিলেক্ট করার পর ইন্ডাস্ট্রি এক্সপার্টাইজ থেকে এমন পাঁচটি ইন্ডাস্ট্রি সিলেক্ট করুন যে সমস্ত ইন্ডাস্টিতে আপনার দক্ষতা আছে। এরপর ল্যাঙ্গুয়েজ সেকশন থেকে আপনি কোন কোন ভাষার ওয়েব সাইটে কাজ করতে পারবেন তা সিলেক্ট করুন। এরপর আপনার সার্ভিস রিলেটেড গিগ ট্যাগ অ্যাড করুন। গিগ ট্যাগ অনেকটা কিওয়ার্ডের মতই। যে যে বিষয়ে ক্লায়েন্ট সার্চ দিলে আপনার গিগ পাবে সেই বিষয়গুলো গিগ ট্যাগে অ্যাড করতে পারেন।

## ৫) ফাইভার গিগ প্যাকেজের দাম নির্ধারণ করেন :


Packages

| | BASIC | STANDARD | PREMIUM |
|---|---|---|---|
| | Silver Pack | Gold Pack | Platinum Pack |
| | For this I will optimize 10 Pages / Posts/ Products' On Page SEO | For this I will optimize 15 Pages / Posts/ Products' On Page SEO | For this I will optimize 20 Pages / Posts/ Products' On Page SEO |
| | 2 Days Delivery | 3 Days Delivery | 5 Days Delivery |
| Number of Pages | 10 | 15 | 20 |
| Title Optimization | ☑ | ☑ | ☑ |
| H1, H2, H3 Tags | ☑ | ☑ | ☑ |
| Meta Description | ☑ | ☑ | ☑ |
| Image Alt Tags | ☑ | ☑ | ☑ |
| Schema Markup | ☑ | ☑ | ☑ |
| Keywords Researched | 5 | 10 | 15 |
| Page Audit | ☑ | ☑ | ☑ |
| Price | $100 | $150 | $200 |



**চিত্র: গিগ প্যাকেজ**

এই সেকশনে আপনি তিন ধরণের প্যাকেজ অফার করতে পারেন।


- বেসিক
- স্ট্যান্ডার্ড
- প্রিমিয়াম।

আপনার তিনটি অফারের তিন ধরণের নাম দিতে পারেন। নাম দেয়ার পর আপনি ১০০ ক্যারেক্টারের শর্ট ডেসক্রিপশন দিবেন। তিনটি প্যাকেজে তিন ধরনের কোয়ান্টিটি, সময় এবং প্রাইস দিতে হয়।

- অফার প্রাইস ৫ ডলার থেকে শুরু।
- তারপর আপনি আপনার গিগের এক্সট্রা অপশনটি যোগ করতে পারেন, যেখানে অতিরিক্ত কোন সার্ভিস প্রদান করতে পারেন।

- এক্সট্রা ফাস্ট ডেলিভারিতে প্যাকেজ সময়ের থেকে কম সময়ে ডেলিভারি দেয়ার অফার করতে পারেন এবং সার্ভিস চার্জ নিতে পারেন।
- আপনার মত যারা সেলার আছে এবং ভালো করছে তাদের গিগ দেখে প্যাকেজ সম্পর্কে ধারণা নিতে পারেন।

## ৬) গিগ ডেসক্রিপশন এবং FAQ:





চিত্র: গিগ বর্ণনা

এই স্টেপে আপনার সার্ভিসটি সম্পর্কে পরিপূর্ণ বর্ণনা করুন। সার্ভিসটিতে যা যা দিবেন তা স্পষ্ট করে দিন। আপনার গিগ পড়ার পর যেন ক্লায়েন্টের ভেতর কোন দ্বিধা-দ্বন্দ না থাকে। গিগের শেষের দিকে বলে দিন আরও কিছু জানার থাকলে যেন ক্লায়েন্ট অর্ডার দেওয়ার পূর্বেই আপনার থেকে জেনে নেয়। গিগের ভেতরের প্রধান পয়েন্টগুলো হাই-লাইট বা বোল্ড করতে পারেন। এত সেলার থাকতে ক্লায়েন্ট কেন আপনাকে হায়ার করবে? - সেই বিষয়টা গিগের মধ্যে আপনাকে তুলে ধরতে হবে।

গিগ ডেসিক্রিপশনে ক্যারেক্টার লিমিট থাকে ১২০০। যার ফলে সব কিছু এখানে লেখা সম্ভব হয় না। FAQ – Frequently Asked Question সেকশনে প্রশ্ন এবং উত্তরের মাধ্যমে পূর্বের ক্লায়েন্টগণ সচরাচর যে সমস্ত প্রশ্ন করেছেন বা ক্লায়েন্টগণ সচরাচর যে সমস্ত প্রশ্ন করে থাকেন তা তুলে ধরতে পারেন। যদি আরও কিছু বিষয় থাকে যা গিগ ডেক্রিপশনে লেখার  সুযোগ হয়নি তা এখানে তুলে ধরতে পারেন।

### ৭) গিগ রিকয়্যারমেন্ট:

গিগ রিকয়্যারমেন্ট হচ্ছে আপনি যে সার্ভিস দিচ্ছেন এই কাজ করার জন্য ক্লায়েন্টের নিকট থেকে আপনার কী কী তথ্য দরকার।





চিত্র: গিগ রিকয়্যারমেন্ট

এখানে কাজটা করার জন্য আপনার যা যা দরকার তা উল্লেখ করতে হবে। এ তথ্য আপনি যে কোন ডকুমেন্ট আকারে নিতে পারেন। সেক্ষেত্রে অ্যাটাচমেন্ট সিলেক্ট করতে পারেন।


## ৮) গিগ গ্যালারিঃ

নিচের ছবিতে আটটি গিগ আছে। এখানে লক্ষ্য করুন কোন গিগটা সবার থেকে আলাদা বা কোন গিগটা পড়তে ক্লায়েন্টকে সব থেকে বেশি আগ্রহ সৃষ্টি করে।




চিত্রঃ নমূনা গিগ

ক্লায়েন্টকে পড়তে বা ক্লিক করার পেছনে সব থেকে বেশি ভুমিকা রাখে গিগ গ্যালারি বা গিগের ভিডিও বা ইমেজ। এখানে একটি ভিডিও, তিনটি ইমেজ এবং দু'টি পিডিএফ ফাইল অ্যাড করতে পারবেন। গিগ ভিডিওটি সব থেকে বেশি প্রভাব ফেলবে ক্লায়েন্টেরদৃষ্টি আকর্ষনের জন্য।




চিত্রঃ নমূনা গিগ ভিডিও

ভিডিওটি ১ মিনিটের কাছাকাছি রাখার চেষ্টা করবেন। আপনি কী কী সার্ভিস দিবেন, আপনার অভিজ্ঞতা এই বিষয়গুলো ভিডিওতে উল্লেখ করতে পারেন। ভিডিওটি অবশ্যই প্রফেশনাল হতে হবে। এছাড়াও সার্ভিস রিলেটেড অ্যানিমেশন ভিডিও দেয়া যেতে পারে। ইমেজগুলো অবশ্যই কপিরাইট ফ্রি এবং ইউনিক হতে হবে। আপনার পোর্টফোলিও পিডিএফ আকারে সেভ করে আপলোড করে দিতে পারেন।

গিগ গ্যালারি কম্পিলিট করার পর গিগ পাবলিশ করতে পারেন।

**৯) গিগ অপটিমাইজেশন (Gig Optimization):**

Fiverr এ যে কোনো গিগ পাবলিশের পর সবচেয়ে দরকারি হল গিগ অপ্টিমাইজেশন। অর্থাৎ, কোনো নির্দিষ্ট Search term এর জন্য আপনার গিগটিকে সার্চ রেজাল্টে উপরের দিকে নিয়ে আসা। ধরুর আপনার গিগের মাধ্যমে আপনি লোগো ডিজাইনের সার্ভিস সেল করবেন। কোনো বায়ার যখন Logo Design লিখে Fiverr এ সার্চ দিবে, তখন আপনার গিগটি যদি সার্চ রেজাল্টে প্রথম দিকে না থাকে তবে কাঙ্খিত সেল পাবেন না। আবার অনেক ক্ষেত্রে দেখা যায়, গিগে প্রচুর ভিজিটর থাকা সত্ত্বেও অর্ডার আসছে না।

**১০) গিগের কনভার্সন বৃদ্ধি ও অপ্টিমাইজেশনের জন্য কিছু উপায় :**

**ক. Research :** যে কোনো গিগ পাবলিশের আগে পর্যাপ্ত পরিমানে রিসার্চ করে নিন। আপনি যেই সার্ভিসটি অফার করবেন, সেটার জন্য বায়াররা কোন Keyword লিখে সার্চ দিতে পারে তার একটি লিস্ট করে ফেলুন। এবার এই Keyword গুলো লিখে Fiverr এ সার্চ দিন, গিগগুলো দেখুন। একজন বায়ার এর দৃষ্টিতে বোঝার চেষ্টা করুন কোন গিগগুলো আপনার দৃষ্টি আকর্ষণ করছে। সেই গিগগুলোর টাইটেল, বর্ণনা, ছবি সবকিছু ভালো করে খেয়াল করুন। এবার আপনার গিগে তার প্রতিফলন ঘটান, গিগ থেকে আইডিয়া নিন, কিন্তু কখনোই কপি-পেস্ট করবেন না। অন্যের গিগ কপি করে ধরা পড়লে আপনার অ্যাকাউন্ট বাতিল হয়ে যেতে পারে।

**খ. Gig Title:** গিগ টাইটেল খুবই গুরত্বপূর্ণ। কারণ হাজার হাজার গিগের মাঝে আপনার গিগটির উপর বায়ারের প্রাথমিক আগ্রহ তৈরি করার কাজটি করবে এই টাইটেল। তাই টাইটেলটি হতে হবে আকর্ষণীয় এবং এতে থাকবে আপনার পুরো গিগের

প্রতিফলন। টাইটেলে অবশ্যই  আপনার মেইন Keyword টি রাখুন। টাইটেলে যেহেতু মাত্র ৮০ অক্ষর ব্যবহার করা  যায়, তাই কোনো Keyword দুইবার ব্যবহার থেকে বিরত থাকুন।

টাইটেলটিকে হতে হবে একই সাথে সুন্দর, আকর্ষণীয়, আগ্রহ সৃষ্টিকারী এবং অর্থবহ।

**গ. Gig Category & Sub-category :** আপনার  গিগের ক্যাটাগরি ও সাব-ক্যাটাগরি নির্বাচনে সতর্কতা অবলম্বন করুন। গিগটি কোন ক্যাটাগরিতে পড়বে যদি বুঝতে সমস্যা হয় তবে আবার রিসার্চে ফিরে যান। আপনার মূল Keyword টি লিলে সার্চ দিন। দেখুন আপনার সার্ভিসটির মত গিগগুলো  কোন ক্যাটাগরিতে দেখাচ্ছে, সেটা নির্বাচন করুন। যদি একই গিগের জন্য দু'টি ক্যাটাগরি নির্বাচন করার মত হয় তবে সেক্ষেত্রে দু'টি ভিন্ন গিগ তৈরি করুন এবং দু'টিকে ভিন্ন ভিন্ন ক্যাটাগরিতে পাবলিশ করুন। এক্ষেত্রে দু'টি গিগের টাইটেল, বর্ণনা সবকিছু যেন ভিন্ন ভিন্ন হয় সেদিকে খেয়াল রাখুন।

**ঘ. Gig Gallery :** গিগ গ্যালারিতে এমন কিছু অ্যাড করবেন যা দেখে বায়ার এক নিমেষেই আপনার গিগের বিস্তারিত পড়ার জন্য আগ্রহী হয়ে উঠবে। এক্ষেত্রে ইন্টানেট থেকে কোনো ছবি নিয়ে পোস্ট করা থেকে বিরত থাকুন। এমন কিছু দিন যা আপনার নিজের গিগকে রিপ্রেজেন্ট করে। ধরুন, আপনি লোগো ডিজাইন করেন, গিগ গ্যালারীতে আপনার নিজের করা লোগোর ছবি দিন। কারণ বায়ার আপনার কাজের সম্পর্কে ধারণা নিবে এই ছবি থেকে। আপনি যদি ইন্টানেট থেকে ছবি নিয়ে পোস্ট করে দেন আর বায়ার যদি সেটা বুঝতে পারে তবে আপনার গিগের প্রতি আগ্রহ হারিয়ে ফেলবে। যারা SEO এর কাজ করেন তারা নেট থেকে  রয়্যালটি ফ্রি ছবি নামিয়ে প্রয়োজনীয় এডিটিং করে ব্যবহার করতে পারেন। ছবি অবশ্যই JPEG ফরম্যাটে হতে হবে। মনে  রাখবেন, এই ছবিটিই আপনার গিগকে সার্চ রেজাল্টে অন্য গিগগুলো থেকে আলাদা করতে সাহায্য করবে।

**ঙ. Description :** এখানে আপনি যে সার্ভিস দিবেন তার বিস্তারিত বর্ননা লিখতে হবে। প্রয়োজনীয় পয়েন্ট, নাম্বারিং  ইত্যাদির সাহায্যে বর্ণনাকে অকর্ষণীয় করে তুলুন। প্রয়োজনের অতিরিক্ত কোনো  কথা লেখা থেকে বিরত থাকুন। যেই অংশটুকু আপনি চান যে আপনার  বায়ার অবশ্যই পড়ুক সেই অংশটুকুকে হাইলাইট করুন। Description এ আপনি  কি কি সার্ভিস দিবেন সেটা স্পষ্ট করে তুলে ধরুন, বায়ার যাতে কোনো কিছু ভুল বুঝে অর্ডার না দেয় সেদিকে অবশ্যই খেয়াল রাখুন, তা নাহলে কাজের শেষে ভুল বুঝাবুঝির সৃষ্টি হতে পারে।

**চ. Tags :** খুবই  গুরুত্বপূর্ণ একটি বিষয়, আপনার গিগের সাথে সামঞ্জস্যপূর্ণ Tag ব্যবহার করুন। যেহেতু আপনি মাত্র ৫টি Tag ব্যবহার করতে পারবেন, তাই আপনার গিগকে রিপ্রেজেন্ট করে এমন best 5 tags ব্যবহার করুন। যাদের গিগ সার্চেও প্রথমে থাকে তাদের গিগগুলো থেকে আইডিয়া নিতে পারেন।

**ছ. Video :** অনেকেই  গিগে ভিডিও ব্যবহার করেন না। মনে রাখবেন ভিডিও ব্যবহার করলে আপনার গিগে অর্ডার পাওয়ার সম্ভাবনা অনেক বেড়ে যায়।

গিগের ভিডিও তৈরির ক্ষেত্রে নিচের টিপসগুলো ফলো করা যেতে পারে-


- ভিডিও অবশ্যই ১ মিনিটের মধ্যে হতে হবে।
- ভিডিওতে নিজে গিগটিকে বর্ণনা করুন, এক্ষেত্রে বায়ারের আস্থা বাড়বে আপনার উপর।
- ভিডিও তৈরির ক্ষেত্রে ভালো ক্যামেরা এবং মাইক্রোফোন ব্যবহার করুন যাতে ছবি এবং শব্দ স্পষ্ট হয়।
- ভিডিওটিকে আকর্ষণীয় দেখানোর জন্য পর্যাপ্ত আলোর মধ্যে ভিডিও ধারণ করুন।
- মুখের  বাচনভঙ্গির সাথে যেন শব্দ মিলে। অনেকেই শব্দ পরে অ্যাড করেন এবং ভিডিওর সাথে শব্দ মিলে না যা খারাপ দেখায়। এটি করা থেকে বিরত থাকুন।
- ভিডিওতে অনর্থক কিছু না বলে স্পষ্ট করে মূল কথাগুলো বলুন।
- “Exclusively on Fiverr” এই কথাটা গিগে রাখতে পারেন। এই কথাটি ভিডিওতে বলে, লিখে অথবা ছবির মাধ্যমে দিতে পারেন।

# সেলফ চেক-১.৪

## গিগ তৈরি করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন- গিগ টাইটেলে সর্বোচ্চ কত ক্যারেক্টারস দেয়া যায়?

উত্তরঃ

২. প্রশ্ন- গিগ ডেসিক্রিপশনে ক্যারেক্টার লিমিট কত ক্যারেক্টারস্?

উত্তরঃ

# উত্তরপত্র-১.৪



## গিগ তৈরি করা

১. প্রশ্ন- গিগ টাইটেলে সর্বোচ্চ কত ক্যারেক্টারস দেয়া যায়?

উত্তরঃ গিগ টাইটেলে সর্বোচ্চ ৮০ ক্যারেক্টারস দেয়া যায়।

২. প্রশ্ন- গিগ ডেসিক্রিপশনে ক্যারেক্টার লিমিট কত ক্যারেক্টারস্?

উত্তরঃ গিগ ডেসিক্রিপশনে ক্যারেক্টার লিমিট ১২০০ ক্যারেক্টারস ।

# কর্মপত্র (Job Sheet) ১.৪

## Job Name (কাজের নাম)ঃ গিগ তৈরি করণ।

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা


**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**


১. গিগ তৈরি করা ।

ধাপ-১: প্রথমে ইন্টারনেট ব্রাউজারের মাধ্যমে ফাইভারে লগইন করতে হবে। তারপর Gigs-এ ক্লিক করতে হবে।





চিত্র: ফাইভার গিগস

ধাপ-২: এরপর CREATE A NEW GIG এ ক্লিক করতে হবে।





চিত্র: CREATE A NEW GIG

ধাপ-৩: গিগ টাইটেল করেন, গিগ ক্যাটাগরী এবং সার্ভিস টাইপ নির্বাচন করেন, গিগ মেটাডাটা নির্বাচন করেন।





চিত্র: গিগ টাইটেল, গিগ ক্যাটাগরী এবং সার্ভিস টাইপ, গিগ মেটাডাটা

ধাপ-৪: ৫ টা সার্স ট্যাগ যুক্ত করেন এবং সেভ করেন।




চিত্র: সার্স ট্যাগ এবং সেভ

ধাপ-৫: ফাইভার গিগ প্যাকেজ নির্ধারণ করেন :




Packages

| | BASIC | STANDARD | PREMIUM |
|---|---|---|---|
| | Silver Pack | Gold Pack | Platinum Pack |
| | For this I will optimize 10 Pages / Posts/ Products' On Page SEO | For this I will optimize 15 Pages / Posts/ Products' On Page SEO | For this I will optimize 20 Pages / Posts/ Products' On Page SEO |
| | 2 Days Delivery | 3 Days Delivery | 5 Days Delivery |
| Number of Pages | 10 | 15 | 20 |
| Title Optimization | ☑ | ☑ | ☑ |
| H1, H2, H3 Tags | ☑ | ☑ | ☑ |
| Meta Description | ☑ | ☑ | ☑ |
| Image Alt Tags | ☑ | ☑ | ☑ |
| Schema Markup | ☑ | ☑ | ☑ |
| Keywords Researched | 5 | 10 | 15 |
| Page Audit | ☑ | ☑ | ☑ |
| Price | $100 | $150 | $200 |




চিত্র: ফাইভার গিগ প্যাকেজ নির্ধারণ

ধাপ-৬ : অতিরিক্ত সার্ভিস যুক্ত করেন এবং সেভ করেন।





চিত্র: অতিরিক্ত সার্ভিস

ধাপ-৭: গিগ ডেসক্রিপশন এবং FAQ যুক্ত করেন:





চিত্র: গিগ ডেসক্রিপশন এবং FAQ

ধাপ-৮: গিগ রিকয়্যারমেন্ট যুক্ত করেন এবং সেভ করেন:




চিত্র: গিগ রিকয়্যারমেন্ট

ধাপ-৯: গিগ গ্যালারীতে কমপক্ষে একটি ছবি যুক্ত করেন এবং একটি ভিডিও ও তিনটি পিডিএফ ফাইল যুক্ত করেন এবং সেভ করেন। আপনার গিগ তৈরী সম্পন্ন হয়েছে।




চিত্র: গিগ গ্যালারী

# উপকরণপত্র (Specification Sheet) ১.৪



১. ইন্টারনেট ব্রাউজারের মাধ্যমে ফাইভারে লগইন করেন।

২. এরপর CREATE A NEW GIG এ ক্লিক করেন।

৩. গিগ টাইটেল লেখেন, গিগ ক্যাটাগরী এবং সার্ভিস টাইপ নির্বাচন করেন, গিগ মেটাডাটা নির্বাচন করেন।

৪. ৫ টা সার্স ট্যাগ যুক্ত করেন।

৫. ফাইভার গিগ প্যাকেজ নির্ধারণ করেন।

৬. অতিরিক্ত সার্ভিস যুক্ত করেন এবং সেভ করেন।

৭. গিগ ডেসক্রিপশন এবং FAQ যুক্ত করেন।

৮. গিগ রিকয়্যারমেন্ট যুক্ত করেন।

৯. গিগ গ্যালারীতে ছবি, ভিডিও, পিডিএফ যুক্ত করেন।

১০. গিগ পাবলিশ করেন।